# বার্ষিক প্রতিবেদন

## ২০২০-২১

# জাতীয় সঞ্চয় অধিদপ্তর

## অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

## অর্থ মন্ত্রণালয়, ঢাকা।

www.nationalsavings.gov.bd



ডিজিটাল বাংলাদেশ ও উন্নয়নের রূপকার

# মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা

২০১৪ সালে জাতীয় সঞ্চয় পরিদপ্তরকে জাতীয় সঞ্চয় অধিদপ্তর-এ উন্নীত করেন




আ হ ম মুস্তফা কামাল, এফসিএ, এমপি
মন্ত্রী
অর্থ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার


## বাণী

১৯৭১ সালে মহান মুক্তিযুদ্ধের মাধ্যমে বাংলাদেশ স্বাধীন হওয়ার পর জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের উদ্যোগে ১৯৭২ সালে 'জাতীয় সঞ্চয় পরিদপ্তর' প্রতিষ্ঠা হয়। দপ্তরটির সঞ্চয় সংশ্লিষ্ট কার্যক্রম এবং এর কলেবর বহুগুণ বৃদ্ধি পাওয়ায় বর্তমান সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২০১৪ সালে জাতীয় সঞ্চয় পরিদপ্তরকে 'জাতীয় সঞ্চয় অধিদপ্তরে' উন্নীত করেন। প্রতি বছরের ন্যায় এ বছরও 'জাতীয় সঞ্চয় অধিদপ্তর' এবং আওতাধীন দপ্তরসমূহের ২০২০-২০২১ অর্থবছরের সার্বিক কার্যক্রমের তথ্য উপাত্ত সন্নিবেশ করে জাতীয় সঞ্চয় অধিদপ্তর বার্ষিক প্রতিবেদন ২০২১ প্রকাশের শুভ উদ্যোগকে স্বাগত জানাই।

বঙ্গবন্ধুর সুযোগ্য উত্তরাধিকার বর্তমান মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার হিরন্ময়ী নেতৃত্বে বাংলাদেশের অর্থনৈতিক অগ্রগতি এখন বিশ্ব ব্যবস্থায় অন্যতম রোল মডেল হিসেবে স্বীকৃতি লাভ করেছে। শুধু তাই নয় দক্ষিণ এশিয়ার দেশগুলোর মধ্যেও বাংলাদেশ আজ অন্যতম শক্তিশালী অর্থনীতির দেশ। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর আজন্ম লালিত স্বপ্ন ছিল অর্থনৈতিক মুক্তি অর্জনের মাধ্যমে এ দেশের গণমানুষের কল্যাণ ও সমৃদ্ধি নিশ্চিত করা। সেই স্বপ্নকে বাস্তবায়ন করতেই বর্তমান সরকার উন্নয়নকে প্রাধান্য দিয়ে একটি শক্তিশালী ও উন্নত অর্থনৈতিক ব্যবস্থা গড়ে তুলতে বদ্ধপরিকর। জাতীয় সঞ্চয় অধিদপ্তর সাধারণ ও স্বল্প আয়ের মানুষকে সঞ্চয়ে উদ্বুদ্ধ করে থাকে। জনগণের সঞ্চয় সংশ্লিষ্ট বিকাশমান ভাবনাকে বিনিয়োগে পরিণত করে দেশ ও জাতির কল্যাণ এবং অর্থনৈতিক লক্ষ্য অর্জন নিশ্চিত করা সম্ভব। দেশের উন্নয়নের ধারা অব্যাহত রাখতে এবং প্রবৃদ্ধির হার কাঙ্খিত মাত্রায় উন্নীত করতে ক্ষুদ্র ক্ষুদ্র সঞ্চয়কে উৎসাহিত করে প্রান্তিক আয়ের মানুষের হাতকে শক্তিশালী করতে জাতীয় সঞ্চয় অধিদপ্তরের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

বার্ষিক প্রতিবেদন ২০২১ প্রণয়নের সাথে সংশ্লিষ্ট জাতীয় সঞ্চয় অধিদপ্তরের মহাপরিচালকসহ সকল কর্মকর্তা কর্মচারীকে ধন্যবাদ জানাচ্ছি এবং একই সাথে তাদের উপর অর্পিত দায়িত্ব দেশ ও জাতির কল্যাণে আন্তরিক ও নিষ্ঠার সাথে পালন করবেন এমন প্রত্যাশাও ব্যক্ত করছি।

০৭ অক্টোবর ২০২১

আ হ ম মুস্তফা কামাল, এফসিএ, এমপি




আবু হেনা মোঃ রহমাতুল মুনিম
সিনিয়র সচিব
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
এবং
চেয়ারম্যান
জাতীয় রাজস্ব বোর্ড ,ঢাকা।


## বাণী

সমৃদ্ধির অগ্রযাত্রায় বাংলাদেশ। নিম্ন আয়ের দেশ থেকে বেরিয়ে এসেছে বাংলাদেশ। আমরা এখন মধ্যম আয়ের দেশের তালিকায়। বিশ্ব দেখছে বাংলাদেশের অমিত সম্ভাবনা ও সামর্থের প্রমাণ। বর্তমানে বিনিয়োগ ও উন্নয়নের অপার সম্ভাবনায় সমৃদ্ধ আমাদের এই দেশ। এই সম্ভাবনাকে বাস্তবে রূপ দিতে গড়ে উঠছে শক্তিশালী রাজস্ব ভান্ডার। সরকারের রাজস্ব ভান্ডারকে শক্তিশালী করতে জাতীয় সঞ্চয় অধিদপ্তরের অবদান অত্যন্ত গুরুত্বপূর্ণ। বিশেষ করে সরকার ঘোষিত রূপকল্প ২০২১ ও ২০৪১ বাস্তবায়নে জাতীয় সঞ্চয় অধিদপ্তর গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে।

আধুনিক রাষ্ট্র বির্নিমাণে সম্পদের ভূমিকা অপরিহার্য। জাতীয় বাজেট ঘাটতিতে অর্থায়ন, জনগণের জন্য নিরাপদ বিনিয়োগের সুযোগ সৃষ্টি, সমাজের প্রান্তিক জনগোষ্ঠির আর্থ-সামাজিক নিরাপত্তা বেষ্টনী তৈরি, বৈধ পথে রেমিট্যান্স প্রবাহ বৃদ্ধি, অবসরপ্রাপ্ত সরকারি কর্মকর্তা-কর্মচারী, প্রবাসী বাংলাদেশী ও সমাজের অনগ্রসর জনগোষ্ঠীর আর্থিক নিরাপত্তা প্রদানে জাতীয় সঞ্চয় অধিদপ্তর গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। গ্রাহকসেবা সহজ ও উন্নততর করার জন্য জাতীয় সঞ্চয় অধিদপ্তর সম্পূর্ণ অটোমেশন পদ্ধতিতে দুততম সময়ের মধ্যে নির্ভুলভাবে গ্রাহকসেবা প্রদান করছে। এর ফলে মুনাফা ও আসল অর্থ Bangladesh Electronic Funds Transfer Network (BEFTN)-এর মাধ্যমে গ্রাহকের ব্যাংক হিসাবে জমা হচ্ছে। যা ক্ষুদে বার্তার মাধ্যমে গ্রাহককে অবহিত করা হচ্ছে। এতে গ্রাহকের সময় ও অর্থ সাশ্রয় হচ্ছে।

প্রতি বছরের ন্যায় এ বছরও জাতীয় সঞ্চয় অধিদপ্তর তথ্যবহুল ‘বার্ষিক প্রতিবেদন-২০২১’ প্রকাশ করতে যাচ্ছে জেনে আমি আনন্দিত । আমি জাতীয় সঞ্চয় অধিদপ্তর এর ‘বার্ষিক প্রতিবেদন-২০২১’ প্রণয়ন ও প্রকাশনার সঙ্গে সম্পৃক্ত সকলকে আন্তরিক ধন্যবাদ ও অভিনন্দন জানাচ্ছি।

আবু হেনা মোঃ রহমাতুল মুনিম




মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
জাতীয় সঞ্চয় অধিদপ্তর
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়


# মুখবন্ধ

জাতীয় সঞ্চয় অধিদপ্তর অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয় এর অধীন একটি অধিদপ্তর। আর্থ সামাজিক প্রেক্ষাপটে জনগণকে সঞ্চয়ে উদ্বুদ্ধকরণ, ক্ষুদ্র ও বিক্ষিপ্ত সঞ্চয় আহরণ, পুঁজি গঠন ও বিনিয়োগ সৃষ্টি, আয় ও উৎপাদন বৃদ্ধি, মুদ্রাস্ফীতি রোধ, অতিরিক্ত করারোপের সম্ভাবনা হ্রাস এবং দেশের বাজেট ঘাটতিতে অর্থায়ন সর্বোপরি বৈদেশিক ঋণের উপর নির্ভরশীলতা কমানো ইত্যাদি কার্যক্রমে জাতীয় সঞ্চয় অধিদপ্তর গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। এছাড়া দেশের বিশেষ জনগোষ্ঠী যেমন: স্বল্প আয়ের মহিলা, অবসরপ্রাপ্ত সরকারী কর্মকর্তা-কর্মচারী, বয়োজ্যেষ্ঠ নাগরিক, প্রবাসী বাংলাদেশী, শারীরিক প্রতিবন্ধী ও সমাজের অনগ্রসর জনগোষ্ঠীকে আর্থিক ও সামাজিক নিরাপত্তা বেষ্টনির আওতায় আনয়নে জাতীয় সঞ্চয় অধিদপ্তর সহায়ক ভূমিকা পালন করে থাকে।

স্বাধীনতার পর যুদ্ধ বিধ্বস্ত এই দেশের ভঙ্গুর অর্থনৈতিক অবস্থাকে সমৃদ্ধ করার লক্ষ্যে স্বাধীনতার স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৭২ সালে 'জাতীয় সঞ্চয় পরিদপ্তর' প্রতিষ্ঠা করেন। দপ্তরটির কাজের গতি ও সঞ্চয় সংশ্লিষ্ট কার্যক্রম বহুগুণ বৃদ্ধি পাওয়ায় বর্তমান সরকারের মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা ২০১৪ সালে জাতীয় সঞ্চয় পরিদপ্তরকে জাতীয় সঞ্চয় অধিদপ্তরে উন্নীত করেন। বর্তমানে সারা দেশে ৬৪টি জেলা সঞ্চয় অফিস এবং ১১টি জাতীয় সঞ্চয় বিশেষ ব্যুরো রয়েছে। এগুলোর মাধ্যমে সঞ্চয়পত্রের লেনদেন কার্যক্রম পরিচালিত হয়।

জাতীয় সঞ্চয় স্কিমে বিনিয়োগ নিরাপদ ও মুনাফার হার আকর্ষণীয় হওয়ায় এবং গ্রাহক সেবার মান বৃদ্ধি পাওয়ায় বিভিন্ন শ্রেণী-পেশার মানুষ সঞ্চয়ের প্রতি আগ্রহী হয়ে উঠছে। গ্রাহকসেবা সহজ ও উন্নততর করার জন্য জাতীয় সঞ্চয় অধিদপ্তর জাতীয় সঞ্চয় স্কিম অনলাইন ম্যানেজমেন্ট সিস্টেম নামে একটি সফ্টওয়্যার চালু করা হয়েছে। জাতীয় সঞ্চয় ব্যুরো, বাংলাদেশ ব্যাংক, বাণিজ্যিক ব্যাংক ও ডাকঘর এই সিস্টেম ব্যবহার করে সঞ্চয়পত্র বিক্রয় এবং নগদায়ন কার্যক্রম পরিচালনা করছে। এর ফলে গ্রাহককে সঞ্চয়পত্রের মুনাফা ও মূল অর্থ গ্রহণের জন্য মাসিক / ত্রৈমাসিক/ মেয়াদান্তে ইস্যু অফিসে আসতে হয় না। মুনাফা ও আসল অর্থ Bangladesh Electronic Funds Transfer Network (BEFTN)-এর মাধ্যমে গ্রাহকের ব্যাংক হিসাবে জমা হয়। জমাকৃত অর্থের তথ্য গ্রাহকের মোবাইল ফোনে ক্ষুদে বার্তার মাধ্যমে অবহিত করা হয়।

বর্তমানে জাতীয় সঞ্চয় অধিদপ্তরের অধীনে ১১ (এগার)টি সঞ্চয়স্কিম চালু রয়েছে। স্কিমগুলো হচ্ছে ৫-বছর মেয়াদী বাংলাদেশ সঞ্চয়পত্র, ৩-মাস অন্তর মুনাফাভিত্তিক সঞ্চয়পত্র (৩-বছর মেয়াদী), পেনশনার সঞ্চয়পত্র (৫-বছর মেয়াদী), পরিবার সঞ্চয়পত্র (৫-বছর মেয়াদী), ওয়েজ আর্নার ডেভেলপমেন্ট বন্ড (৫-বছর মেয়াদী), ইউ এস ডলার প্রিমিয়াম বন্ড (৩-বছর মেয়াদী), ইউ এস ডলার ইনভেস্টমেন্ট বন্ড (৩-বছর মেয়াদী), বাংলাদেশ প্রাইজবন্ড (১০০ টাকা মূল্যমান), ডাকঘর সঞ্চয় ব্যাংকঃ (ক) সাধারণ হিসাব, (খ) মেয়াদী হিসাব (৩-বছর মেয়াদী) এবং ডাক জীবন বীমা। অধিদপ্তরের কর্মকর্তা/ কর্মচারীগণ বিদ্যমান জাতীয় সঞ্চয় স্কিম সম্পর্কে জনগণকে উদ্বুদ্ধ করে যাচ্ছে।

জাতীয় সঞ্চয় অধিদপ্তর প্রতিষ্ঠা লগ্ন থেকে ২০২০-২১ অর্থবছরের সমূদয় কর্মকান্ড ও সাম্প্রতিক অর্জনসমূহের উপর ভিত্তি করে প্রতিবেদনটি প্রণয়ন করা হয়েছে। বার্ষিক প্রতিবেদন-২০২১ বহুল তথ্যসম্বলিত একটি প্রতিবেদন বলে আমার দৃঢ় বিশ্বাস। প্রতিবেদনটি প্রণয়নে প্রয়োজনীয় তথ্য-উপাত্ত সরবরাহ করে সহযোগিতা করেছেন অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ বিভাগ, বাংলাদেশ ব্যাংক এবং ডাক বিভাগের সহকর্মীবৃন্দ। প্রতিবেদন প্রণয়নে অভ্যন্তরীণ সম্পদ বিভাগের সিনিয়র সচিব জনাব আবু হেনা মোঃ রহমাতুল মুনিম স্যারের প্রয়োজনীয় দিকনির্দেশনা এবং বিভাগের অন্যান্য সম্মানিত সহকর্মীবৃন্দের সক্রিয় সহযোগিতায় বার্ষিক প্রতিবেদন-২০২১ প্রকাশ করা সম্ভব হয়েছে। এজন্য সিনিয়র সচিব মহোদয়সহ সকলস্তরের সংশ্লিষ্ট সকল কর্মকর্তাবৃন্দকে আন্তরিক অভিনন্দন ও ধন্যবাদ জানাচ্ছি।

(মোছাঃ মাকছুদা খাতুন)

প্রকাশকাল : ২০২১

প্রকাশক
জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা।

প্রধান পৃষ্ঠপোষক
মোছা: মাকছুদা খাতুন
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা।

সার্বিক তত্ত্বাবধানে
জনাব মোঃ শাহ আলম
পরিচালক (যুগ্মসচিব)
নীতি, অডিট ও আইন এবং ব্যুরো ও পরিসংখ্যান
জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা।

সম্পাদনা কমিটি
১। জনাব নাহিদ মঞ্জুরা আফরোজ, পরিচালক (যুগ্মসচিব), বাজেট ও পরিকল্পনা এবং ক্যাশ শাখা, জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা।
২। জনাব মুহাম্মদ এনাম চৌধুরী পরিচালক(উপসচিব), প্রশাসন ও জনসংযোগ শাখা, জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা।
৩। জনাব মোঃ শহিদুল ইসলাম, উপ-পরিচালক (প্রশাসন ও জনসংযোগ) , জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা।
৪। জনাব মোঃ এনায়েত হোসেন, উপ-পরিচালক (নীতি, অডিট ও আইন), জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা।
৫। জনাব নাজমা আকতার, উপ-পরিচালক (ব্যুরো ও পরিসংখ্যান), জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা।
৬। জনাব মোহাম্মদ মহিনুল ইসলাম, উপ-পরিচালক (বাজেট ও ক্যাশ), জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা।
৭। জনাব মোঃ মাসুদুর রহমান, সহকারী পরিচালক (জনসংযোগ) , জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা।
৮। জনাব মোহাম্মদ খলিলুর রহমান, সহকারী পরিচালক (ক্যাশ), জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা।
৯। জনাব সুলতানা জাকিয়া, সহকারী পরিচালক (পরিসংখ্যান), জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা।
১০। জনাব মোসাম্মৎ রুমানা সিদ্দিকা, সহকারী পরিচালক (অডিট ও আইন), জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা।
১১। জনাব মোঃ আমান উল্ল্যা, সহকারী পরিচালক (নীতি), জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা।
১২। জনাব আব্দুল্লাহ আল মামুন, সহকারী পরিচালক (প্রশাসন), জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা।
১৩। জনাব পুতুল বিশ্বাস, সহকারী পরিচালক (বাজেট ও পরিকল্পনা), জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা।

সহযোগিতায়:
১। মো: আবুল কালাম, উচ্চমান সহকারী, জনসংযোগ শাখা, জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা।

মুদ্রণ: বাংলাদেশ সরকারী মুদ্রণালয়।

স্বত্ব: জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা।

# সূচিপত্র


| ক্রমিক নং | বিষয় | পৃষ্ঠা নং |
|---|---|---|
| ১ | অফিস পরিচিতি | |
| | অফিসের পরিচিতি | |
| | জাতীয় সঞ্চয় অধিদপ্তরের উদ্দেশ্য | |
| | জনবল কাঠামো | |
| ২ | ভিশন ও মিশন | |
| | ভিশন ও মিশন | |
| | কর্মসম্পাদনের ক্ষেত্রসমূহ | |
| | কার্যাবলী | |
| ৩ | জাতীয় সঞ্চয় অধিদপ্তরের কার্যক্রমসমূহ | |
| | অধিদপ্তরের কার্যক্রমের সংক্ষিপ্ত বিবরণ | |
| | জাতীয় সঞ্চয় বিশেষ ব্যুরো ও জেলা সঞ্চয় অফিসের কার্যক্রম | |
| | জাতীয় সঞ্চয় স্কিমসমূহ | |
| | উৎসে কর কর্তনের মাধ্যমে রাজস্ব আয়ের তথ্য | |
| | ১৯৭৭ সাল থেকে বর্তমান (২১-০৯-২০২১) পর্যন্ত প্রবর্তিত মুনাফার | |
| ৪ | জাতীয় সঞ্চয় অধিদপ্তরের বিশেষ কার্যক্রমসমূহ | |
| | মুজিব বর্ষ উপলক্ষ্যে গৃহীত কার্যক্রম | |
| | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি কর্মপরিকল্পনা | |
| | সেবা প্রদান প্রতিশ্রুতি | |
| ৫ | উল্লেখযোগ্য অর্জনসমূহ | |
| | জাতীয় সঞ্চয় স্কিমসমূহের ২০২০-২১ অর্থবছরের লক্ষ্যমাত্রা ও অর্জন | |
| | জাতীয় সঞ্চয় স্কিম অনলাইন ম্যানেজমেন্ট সিস্টেম চালুকরণ | |
| | সঞ্চয় অ্যাপ চালুকরণ | |
| | তথ্য বাতায়ন কার্যক্রম হালনাগাদকরণ | |
| | উদ্বুদ্ধকরণ কার্যক্রম গ্রহন | |
| | ইনোভেশন কার্যক্রম গ্রহন | |
| | প্রশিক্ষণ সংক্রান্ত কার্যক্রম | |
| | কমিশনের হার যৌক্তিকীকরণ | |
| ৫ | চ্যালেঞ্জসমূহ | |
| ৬ | ভবিষ্যৎ পরিকল্পনা | |
| ৭ | বিভিন্ন সময়ে জারিকৃত গুরুত্বপূর্ণ প্রজ্ঞাপনসমূহ | |

# অফিস পরিচিতি

## অফিসের পরিচিতি

১৮১০ খ্রিস্টাব্দে স্কটল্যান্ডের এক গীর্জায় প্রথম সঞ্চয় ব্যাংক স্থাপিত হয়। সঞ্চয় ব্যাংকের জনক হিসেবে খ্যাত রেভারেন্ড হেনরি ডানকান এটি স্থাপন করেন। পরবর্তীকালে প্রান্তিক আয়ের জনগোষ্ঠীকে সঞ্চয়ে উদ্বুদ্ধ করতে ইংল্যান্ডে 'জাতীয় সঞ্চয় সংস্থা' কাজ শুরু করে। এরই ধারাবাহিকতায় ১৯৪৪ সালে ভারতে এবং দেশবিভাগের পর তদানীন্তন সরকারের অর্থ মন্ত্রণালয়ের অধীনে এদেশে সঞ্চয় সংশ্লিষ্ট কার্যক্রম শুরু হয়। রক্তক্ষয়ী মহান মুক্তি সংগ্রামের মাধ্যমে বাংলাদেশ স্বাধীন হওয়ার পর ১৯৭২ সালে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের উদ্যোগে জাতীয় সঞ্চয় পরিদপ্তর প্রতিষ্ঠা লাভ করে এবং দীর্ঘ ৪২ বছর পর বর্তমান সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে ২০১৪ সালের ফেব্রুয়ারি মাসে জাতীয় সঞ্চয় পরিদপ্তর 'জাতীয় সঞ্চয় অধিদপ্তর'-এ উন্নীত হয়। জাতীয় সঞ্চয় অধিদপ্তর অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগের অধিনস্থ একটি প্রতিষ্ঠান। ঢাকায় রয়েছে জাতীয় সঞ্চয় অধিদপ্তরের প্রধান কার্যালয়। আটটি বিভাগীয় শহরে রয়েছে বিভাগীয় অফিস। চৌষট্টি জেলা সদরে রয়েছে জেলা সঞ্চয় অফিস। এছাড়াও সঞ্চয় স্কিমের চাহিদার প্রে ক্ষিতে ঢাকাশহরসহ বিভাগীয় শহরগুলোতে ১১টি বিশেষ ব্যুরো স্থাপন করা হয়েছে।

জাতীয় সঞ্চয় অধিদপ্তরের প্রধান কাজ হলো জনগণকে সঞ্চয়ে উদ্বুদ্ধ করা, এর ফলে জনগণের সঞ্চয় প্রবণতা বৃদ্ধি পায় ; মিতব্যয়ীতা শিক্ষার মাধ্যমে জনগণ আর্থিকভাবে স্বাবলম্বী হয় ; যা দেশকে আর্থিকভাবে স্বাবলম্বী হতে সাহায্য করে । সঞ্চয়ের মাধ্যমে জনগণের ক্রয় ক্ষমতা হ্রাসহেতু মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণের মাধ্যমে সরকারের আর্থিক নীতি বাস্তবায়ন সহজ হয়।

এছাড়া জাতীয় সঞ্চয় অধিদপ্তর বিক্ষিপ্তভাবে থাকা জনগণের ক্ষুদ্র ক্ষুদ্র সঞ্চয় জাতীয় সঞ্চয় স্কিমের মাধ্যমে আহরণ করে জাতীয় বাজেট ঘাটতিতে অর্থায়ন করে থাকে। এতে জনগণের জন্য নিরাপদ বিনিয়োগের সুযোগ সৃষ্টি হয় , সমাজের প্রান্তিক জনগোষ্ঠির আর্থ-সামাজিক নিরাপত্তা বেষ্টনী তৈরী, বৈধ পথে রেমিট্যান্স সরবরাহ বৃদ্ধি , ব্যাংক ব্যবস্থা হতে ঋণ গ্রহণের প্রয়োজনীয়তা কমে , অর্থ সংগ্রহের জন্য সরকারের প্রগতিশীল হারে কর গ্রহণের প্রয়োজনীয়তা কমে , বৈদেশিক ঋণ/সাহায্য প্রয়োজনীয়তা কমে, ফলে বৈদেশিক নির্ভরশীলতা হ্রাস পায়।

বর্তমানে জাতীয় সঞ্চয় অধিদপ্তরের অধীনে ১১ (এগার)টি সঞ্চয়স্কিম চালু রয়েছে । স্কিমগুলো হচ্ছে ৫-বছর মেয়াদী বাংলাদেশ সঞ্চয়পত্র, ৩-মাস অন্তর মুনাফাভিত্তিক সঞ্চয়পত্র (৩-বছর মেয়াদী), পেনশনার সঞ্চয়পত্র (৫-বছর মেয়াদী), পরিবার সঞ্চয়পত্র (৫-বছর মেয়াদী), ওয়েজ আর্নার ডেভেলপমেন্ট বন্ড (৫-বছর মেয়াদী), ইউ এস ডলার প্রিমিয়াম বন্ড (৩-বছর মেয়াদী), ইউ এস ডলার ইনভেস্টমেন্ট বন্ড (৩-বছর মেয়াদী), বাংলাদেশ প্রাইজবন্ড (১০০ টাকা মূল্যমান), ডাকঘর সঞ্চয় ব্যাংকঃ (ক) সাধারণ হিসাব, (খ) মেয়াদী হিসাব (৩-বছর মেয়াদী) এবং ডাক জীবন বীমা। জাতীয় সঞ্চয় ব্যুরো, বাংলাদেশ ব্যাংক, তফসিলী ব্যাংক ও ডাকঘর এর মাধ্যমে এ সকল সঞ্চয় স্কিমের বিক্রয় এবং নগদায়ন কার্যক্রম পরিচালিত হয়।

## জাতীয় সঞ্চয় অধিদপ্তরের উদ্দেশ্য

- ✓ জনগণকে সঞ্চয়ী হতে উদ্বুদ্ধ করা ; বিক্ষিপ্তভাবে ছড়িয়ে থাকা ক্ষুদ্র ক্ষুদ্র সঞ্চয় জাতীয় সঞ্চয় স্কিমের মাধ্যমে আহরণ করা এবং আহরিত অর্থ দ্বারা জাতীয় ঘাটতি বাজেট পূরণ করা;
- ✓ প্রান্তিক জনগোষ্ঠীর মধ্যে সঞ্চয় প্রবণতা উৎসাহিত করার মাধ্যমে জাতীয় সঞ্চয় বৃদ্ধি করা;
- ✓ জাতীয় সঞ্চয় স্কিমসমূহের মাধ্যমে দেশের বিশেষ জনগোষ্ঠী যেমন -স্বল্প আয়ের মহিলা, অবসরপ্রাপ্ত সরকারি কর্মকর্তা কর্মচারী, বয়োজ্যেষ্ঠ নাগরিক, প্রবাসী বাংলাদেশী, শারীরিক প্রতিবন্ধী ও সমাজের অনগ্রসর জনগোষ্ঠী ইত্যাদি -কে আর্থিক ও সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় আনয়ন;
- ✓ বৈদেশিক নির্ভরতা হ্রাস এবং মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণে সহায়ক ভূমিকা পালন ইত্যাদি।

# জনবল

## জাতীয় সঞ্চয় অধিদপ্তরের কর্মকর্তা ও কর্মচারী

| ক্রমিক নং | পদের নাম | পদের সংখ্যা | কর্মরত পদের সংখ্যা | শূন্য পদের সংখ্যা |
|---|---|---|---|---|
| ১ | মহাপরিচালক | ১ | ১ | ০ |
| ২ | পরিচালক | ৪ | ২ | ২ |
| ৩ | সিস্টেম এনালিস্ট | ১ | ০ | ১ |
| ৪ | উপ-পরিচালক | ১২ | ১২ | ০ |
| ৫ | সহকারী পরিচালক | ৮৭ | ৬৮ | ১৯ |
| ৬ | সহকারী প্রোগ্রামার | ২ | ০ | ২ |
| ৭ | সঞ্চয় অফিসার | ৮১ | ৫৬ | ২৫ |
| ৮ | হিসাবরক্ষক | ১৪ | ০৬ | ৮ |
| ৯ | সাঁট লিপিকার কাম কম্পিউটার অপারেটর | ৫ | ০২ | ৩ |
| ১০ | উচ্চমান সহকারী | ৪৬ | ৪০ | ৬ |
| ১১ | সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর | ৪ | ০২ | ২ |
| ১২ | অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর | ১০০ | ৪১ | ৫৯ |
| ১৩ | ডাটা এন্টি আপারেটর | ২ | ০ | ২ |
| ১৪ | গাড়ী চালক | ৭ | ০৬ | ১ |
| ১৫ | বার্তা বাহক | ১ | ০ | ১ |
| ১৬ | অফিস সহায়ক | ৯৩ | ৬৯ | ২৪ |
|  | সর্ব মোট | ৪৬০ | ৩০৫ | ১৫৫ |

# ভিশন ও মিশন



# অফিসের ভিশন ও মিশন:

**ভিশন:** দেশের অর্থনৈতিক উন্নয়ন ও জনগণের আর্থ-সামাজিক নিরাপত্তা সহায়ক আধুনিক সঞ্চয় ব্যবস্থাপনা;

**মিশন:** দেশের অর্থনৈতিক উন্নয়ন ও জনগণের আর্থ-সামাজিক নিরাপত্তার লক্ষ্যে জনগণকে সঞ্চয়ে উদ্বুদ্ধকরণ ও সঞ্চয় প্রশাসনের সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে একটি আধুনিক ও জনবান্ধব সঞ্চয় ব্যবস্থাপনা;

# কর্ম সম্পাদনের ক্ষেত্রসমূহ

১) সঞ্চয় প্রশাসনের সক্ষমতা বৃদ্ধি ও শক্তিশালীকরণ;

২) জনগণকে সঞ্চয়ে উদ্বুদ্ধকরণ;

৩) জাতীয় সঞ্চয় স্কিমের মাধ্যমে বাজেট ঘাটতিতে অর্থায়ন;

৪) সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ।

# কার্যাবলী

১) জনগণকে সঞ্চয়ে উদ্বুদ্ধকরণ;

২) জাতীয় সঞ্চয় স্কিমের লেনদেন কার্যক্রম পরিচালনা;

৩) সঞ্চয় স্কিমের স্ক্রিপ, রেজিস্টার, ফরম ইত্যাদি মূদ্রণ, সংরক্ষণ ও বিতরণ;

৪) ব্যাংক, ডাকঘর ও সঞ্চয় অফিসসহ স্টেকহোল্ডারদের সাথে সমন্বয় সাধন;

৫) দক্ষতা উন্নয়নের লক্ষ্যে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা;

৬) আর্থিক ও প্রশাসনিক কার্যক্রম পরিচালনা;

৭) সঞ্চয় স্কিমের বিধিমালা/নীতিমালা যুগপোযোগীকরণ ও বাস্তবায়ন;

৮) অনিবাসী বাংলাদেশীদের জন্য প্রবর্তিত ওয়েজ আর্নার ডেভেলপমেন্ট বন্ড, ইউ,এস ডলার প্রিমিয়াম বন্ড এবং ইউ,এস,ডলার ইনভেস্টমেন্ট বন্ডের বিনিয়োগ বৃদ্ধির লক্ষ্যে প্রচার কার্যক্রম জোরদারকরণ;



# জাতীয় সঞ্চয় অধিদপ্তরের কার্যক্রম

## অধিদপ্তরের কার্যক্রমের সংক্ষিপ্ত বিবরণ

- ☑ জাতীয় সঞ্চয় ব্যুরো কর্তৃক সঞ্চয়পত্রের লেনদেন কার্যক্রম;
- ☑ জনগণকে সঞ্চয়ে উদ্বুদ্ধকরণ ;
- ☑ মুদ্রণ, সংরক্ষণ এবং বিতরণ ;
- ☑ সঞ্চয় স্কিমের নীতিমালা/বিধিমালা বিষয়ক কার্যক্রম;
- ☑ কর্মকর্তা সম্মেলন ও প্রশিক্ষণ কার্যক্রম ;
- ☑ জাতীয় সঞ্চয় স্কিমের লেনদেনের হিসাব সংরক্ষণ ;
- ☑ ব্যাংক ও ডাকঘর এর সাথে সমন্বয় সাধন;
- ☑ মন্ত্রণালয়ের সাথে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন, বাস্তবায়ন, অধিনস্থ দপ্তরের সাথে চুক্তি প্রণয়ন ও বাস্তবায়ন এবং এর অগ্রগতি প্রতিবেদন প্রস্তুতকরণ, মূল্যায়ন ও সরকারকে অবহিতকরণ;
- ☑ জাতীয় শুদ্ধাচার ও নৈতিকতার কর্মপরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন এবং অগ্রগতি প্রতিবেদন প্রস্তুতকরণ, মূল্যায়ন ও সরকারকে অবহিতকরণ;
- ☑ 'অভিযোগ প্রতিকার ব্যবস্থা নীতিমালা' অনুযায়ী অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তিকরণ এবং এতদসংক্রান্ত মাসিক অগ্রগতি প্রতিবেদন প্রস্তুতপূর্বক মন্ত্রণালয়ে প্রেরণ;
- ☑ তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী তথ্য প্রকাশ নীতিমালা প্রণয়ন ও বাস্তবায়ন;
- ☑ ইনোভেশন টিম গঠন, ইনোভেশন সংক্রান্ত বাৎসরিক কর্মপরিকল্পনা প্রণয়ন, ইনোভেশন টিমের সদস্যদের সমন্বয়ে প্রতিমাসে সভাকরণ ও সভার কার্যবিবরণী মন্ত্রণালয়ে প্রেরণ এবং ইনোভেশন সংক্রান্ত বাৎসরিক প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশকরণ;
- ☑ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালা, ২০১৮ এর আলোকে জাতীয় সঞ্চয় অধিদপ্তর-এর কর্মপরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন এবং এতদসংক্রান্ত যাবতীয় কার্যক্রম গ্রহণ।
- ☑ মুজিব বর্ষ ও স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী পালন সংক্রান্ত কর্মসূচী গ্রহণ ও বাস্তবায়ন।

## জাতীয় সঞ্চয় বিশেষ ব্যুরো ও জেলা সঞ্চয় অফিসের কার্যক্রম

জাতীয় সঞ্চয় অধিদপ্তরের আওতাধীন ৮টি বিভাগীয় অফিস, ৬৪টি জেলা সঞ্চয় অফিস, ১১টি বিশেষ সঞ্চয় ব্যুরো রয়েছে।নিম্নে জাতীয় সঞ্চয় বিশেষ ব্যুরো ও জেলা সঞ্চয় অফিসের কার্যক্রম তুলে ধরা হলো:

- ✓ জনগণকে সঞ্চয়ে উদ্বুদ্ধকরণ এবং এতদসংক্রান্ত যাবতীয় কার্যক্রম গ্রহণ করা;
- ✓ প্রশাসনিক ও আর্থিক বিষয়াবলী সম্পাদন করা;
- ✓ জাতীয় সঞ্চয় স্কিমের মাধ্যমে নির্ধারিত বিনিয়োগ লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করা;
- ✓ জাতীয় সঞ্চয় স্কিমের লেনদেন সংক্রান্ত পুনঃভরণসহ সংশ্লিষ্ট অন্যান্য কাজে বাংলাদেশ ব্যাংক ও লিংকড ব্যাংকের সাথে সমন্বয় সাধন করা;
- ✓ জাতীয় সঞ্চয় স্কিমসমূহের হিসাব সংরক্ষণ ও সমন্বয়-সাধন করা;
- ✓ সক্ষমতা ও দক্ষতা উন্নয়নের জন্য প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করা;
- ✓ জাতীয় সঞ্চয় স্কিমের অংশীজনদের সাথে প্রয়োজনীয় সভা-সমাবেশ করা;
- ✓ প্রশাসনিক কার্যক্রমসহ বিভিন্ন সময়ে সরকারের অর্পিত অতিরিক্ত দায়িত্ব পালন করা ইত্যাদি।

## জাতীয় সঞ্চয় স্কিমসমূহের বর্ণনা

বর্তমানে জাতীয় সঞ্চয় অধিদপ্তরের অধীনে ১১ (এগার)টি সঞ্চয়স্কিম চালু রয়েছে। স্কিমগুলো নিম্নরূপ-

**জাতীয় সঞ্চয় ব্যুরো, বাংলাদেশ ব্যাংক, বিভিন্ন তফসিলি ব্যাংক ও ডাকঘর কর্তৃক লেনদেন কার্যক্রমপরিচালিত**

(০১) ৫-বছর মেয়াদী বাংলাদেশ সঞ্চয়পত্র

(০২) ৩-মাস অন্তর মুনাফাভিত্তিক সঞ্চয়পত্র (৩-বছর মেয়াদী)

(০৩) পেনশনার সঞ্চয়পত্র (৫-বছর মেয়াদী)

(০৪) পরিবার সঞ্চয়পত্র (৫-বছর মেয়াদী)

**বাংলাদেশ ব্যাংক, বিভিন্ন তফসিলি ব্যাংক-এর এডি শাখা কর্তৃক লেনদেন কার্যক্রম পরিচালিত**

(০৫) ওয়েজ আর্নার ডেভেলপমেন্ট বন্ড (৫-বছর মেয়াদী)

(০৬) ইউ এস ডলার প্রিমিয়াম বন্ড (৩-বছর মেয়াদী)

(০৭) ইউ এস ডলার ইনভেস্টমেন্ট বন্ড (৩-বছর মেয়াদী)

(০৮) বাংলাদেশ প্রাইজবন্ড (১০০ টাকা মূল্যমান)

**ডাকঘর কর্তৃক লেনদেন কার্যক্রম পরিচালিত**

ডাকঘর সঞ্চয় ব্যাংকঃ

(০৯) (ক) সাধারণ হিসাব

(১০) (খ) মেয়াদী হিসাব (৩-বছর মেয়াদী) এবং ডাক জীবন বীমা এবং

(১১) ডাক জীবন বীমা।

## পাঁচ বছর মেয়াদী বাংলাদেশ সঞ্চয়পত্র (প্রবর্তনঃ ১৯৭৭ খ্রিঃ)

**মূল্যমানঃ** ১০ টাকা; ৫০ টাকা; ১০০ টাকা; ৫০০ টাকা; ১,০০০ টাকা; ৫,০০০ টাকা; ১০,০০০ টাকা; ২৫,০০০ টাকা; ৫০,০০০ টাকা; ১,০০,০০০ টাকা; ৫,০০,০০০ টাকা; ১০,০০,০০০ টাকা; ২৫,০০,০০০ টাকা।

**কোথায় পাওয়া যায়ঃ** জাতীয় সঞ্চয় ব্যুরো, বাংলাদেশ ব্যাংক শাখাসমূহ, তফসিলি ব্যাংকসমূহ এবং ডাকঘর থেকে ক্রয় ও নগদায়ন করা যায়।

**মেয়াদঃ** ৫ (পাঁচ) বছর।

**মুনাফার হারঃ**

| ক্রমিক নং | সঞ্চয় স্কিমের নাম | মেয়াদ (উত্তীর্ণ হইলে) | বিদ্যমান মুনাফার হার | ক্রমিক ১-৯ এ বর্ণিত সকল সঞ্চয় স্কিমে ক্রমপুঞ্জীভূত বিনিয়োগের পরিমাণ: ১৫,০০,০০০ টাকা পর্যন্ত | ১৫,০০,০০১ টাকা হতে ৩০,০০,০০০ | ৩০,০০,০০১ টাকা হতে তদূর্ধ্ব |
|---|---|---|---|---|---|---|
| | | | | পুনঃনির্ধারিত মুনাফার হার (%) | | |
| ০১ | ৫-বছর মেয়াদী বাংলাদেশ সঞ্চয়পত্র | ১ম বছরান্তে | ৯.৩৫% | ৯.৩৫ | ৮.৫৪ | ৭.৭১ |
| | | ২য় বছরান্তে | ৯.৮০% | ৯.৮০ | ৮.৯৫ | ৮.০৮ |
| | | ৩য় বছরান্তে | ১০.২৫% | ১০.২৫ | ৯.৩৬ | ৮.৪৫ |
| | | ৪র্থ বছরান্তে | ১০.৭৫% | ১০.৭৫ | ৯.৮২ | ৮.৮৬ |
| | | ৫ম বছরান্তে | ১১.২৮% | ১১.২৮ | ১০.৩০ | ৯.৩০ |

**উৎসে করঃ** ৫-বছর মেয়াদী বাংলাদেশ সঞ্চয়পত্র, ৩-মাস অন্তর মুনাফা ভিত্তিক সঞ্চয়পত্র ও পরিবার সঞ্চয়পত্রে ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা পর্যন্ত সর্বমোট বিনিয়োগের ক্ষেত্রে মুনাফার উপর ৫% হারে এবং এর অধিক বিনিয়োগের ক্ষেত্রে মুনাফার উপর ১০% হারে উৎসে কর কর্তন করা হয়।

**যারা ক্রয় করতে পারবেনঃ**

(ক) সকল শ্রেণি ও পেশার বাংলাদেশী নাগরিক;

(খ) আয়কর বিধিমালা, ১৯৮৪ (অংশ-২) এর বিধি ৪৯-এর উপ-বিধি (২) এ সংজ্ঞায়িত স্বীকৃত ভবিষ্য তহবিল এবং ভবিষ্য তহবিল আইন, ১৯২৫ (১৯২৫ এর ১৯ নং) অনুযায়ী পরিচালিত ভবিষ্য তহবিল;

(গ) আয়কর অধ্যাদেশ-১৯৮৪ এর ৬ষ্ঠ তফসিল এর পার্ট এ এর অনুচ্ছেদ ৩৪ অনুযায়ী মৎস্য খামার, হাঁস-মুরগীর খামার, পেলিটেড পোল্ট্রি ফিডস উৎপাদন, বীজ উৎপাদন, স্থানীয় উৎপাদিত বীজ বিপণন, গবাদি পশুর খামার, দুগ্ধ এবং দুগ্ধজাত দ্রব্যের খামার, ব্যাঙ উৎপাদন খামার, উদ্যান খামার প্রকল্প, রেশম গুটিপোকা পালনের খামার, ছত্রাক উৎপাদন এবং ফল ও লতাপাতার চাষ হতে অর্জিত আয়-যা সংশ্লিষ্ট উপ-কর কমিশনার কর্তৃক প্রত্যয়নকৃত।

**ক্রয়ের উর্ধ্বসীমাঃ**

(ক) ব্যক্তির ক্ষেত্রেঃ একক নামে ৩০ লক্ষ অথবা যুগ্ম-নামে ৬০ লক্ষ;

(খ) প্রতিষ্ঠানের ক্ষেত্রেঃ উর্ধ্বসীমা নেই।

**অন্যান্য সুবিধাঃ**

(ক) নমিনী নিয়োগ করা যায়;

(খ) সঞ্চয়পত্রের ক্রেতার মৃত্যুর পর নমিনী সাথে সাথেই অথবা মেয়াদ উত্তীর্ণের পর সঞ্চয়পত্র নগদায়ন করে নিতে পারেন।

## তিন মাস অন্তর মুনাফাভিত্তিক সঞ্চয়পত্র (প্রবর্তনঃ ২০০৪ খ্রিঃ)

**মূল্যমানঃ** ১,০০,০০০ টাকা; ২,০০,০০০ টাকা; ৫,০০,০০০ ও ১০,০০,০০০ টাকা।

**কোথায় পাওয়া যায়ঃ** জাতীয় সঞ্চয় ব্যুরো, বাংলাদেশ ব্যাংকের শাখাসমূহ, বাণিজ্যিক ব্যাংকসমূহ এবং ডাকঘর থেকে ক্রয় ও নগদায়ন করা যায়।

**মেয়াদঃ** ৩ (তিন) বছর।

**মুনাফার হারঃ**

| ক্রমিক নং | সঞ্চয় স্কিমের নাম | মেয়াদ (উত্তীর্ণ হইলে) | বিদ্যমান মুনাফার হার | ক্রমিক ১-৯ এ বর্ণিত সকল সঞ্চয় স্কিমে ক্রমপুঞ্জীভূত বিনিয়োগের পরিমাণ: | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | ১৫,০০,০০০ টাকা পর্যন্ত | ১৫,০০,০০১ টাকা হতে ৩০,০০,০০০ | ৩০,০০,০০১ টাকা হতে তদূর্ধ্ব |
| | | | | পুনঃনির্ধারিত মুনাফার হার (%) | | |
| ০২ | তিন মাস অন্তর মুনাফাভিত্তিক সঞ্চয়পত্র | ১ম বছরান্তে | ১০.০০% | ১০.০০ | ৯.০৬ | ৮.১৫ |
| | | ২য় বছরান্তে | ১০.৫০% | ১০.৫০ | ৯.৫১ | ৮.৫৬ |
| | | ৩য় বছরান্তে | ১১.০৪% | ১১.০৪ | ১০.০০ | ৯.০০ |

মেয়াদপূর্তির পূর্বে নগদায়ন করলে উপরোক্ত ছকে উল্লিখিত হারে মুনাফা প্রাপ্য হবে এবং অতিরিক্ত অর্থ পরিশোধিত হয়ে থাকলে তা মূল টাকা হতে কর্তন করে সমন্বয়পূর্বক অবশিষ্ট মূল টাকা পরিশোধ করা হবে।

**উৎসে করঃ** ৫-বছর মেয়াদী বাংলাদেশ সঞ্চয়পত্র, ৩-মাস অন্তর মুনাফা ভিত্তিক সঞ্চয়পত্র ও পরিবার সঞ্চয়পত্রে ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা পর্যন্ত সর্বমোট বিনিয়োগের ক্ষেত্রে মুনাফার উপর ৫% হারে এবং এর অধিক বিনিয়োগের ক্ষেত্রে মুনাফার উপর ১০% হারে উৎসে কর কর্তন করা হয়।

**যারা ক্রয় করতে পারবেনঃ** সকল শ্রেণি ও পেশার বাংলাদেশী নাগরিক এবং অটিস্টিকদের জন্য প্রতিষ্ঠিত শিক্ষা প্রতিষ্ঠান/ অটিস্টিকদের সহায়তার জন্য প্রতিষ্ঠিত অন্য কোন প্রতিষ্ঠান। তবে, শর্ত থাকে যে, প্রতিষ্ঠানের বিনিয়োগকৃত অর্থের মুনাফা অবশ্যই অটিস্টিকদের সহায়তায় ব্যবহার করতে হবে এবং প্রতিষ্ঠানটি সংশ্লিষ্ট জেলা সমাজসেবা কার্যালয় কর্তৃক প্রত্যয়নকৃত হতে হবে।

**ক্রয়ের উর্ধ্বসীমাঃ** একক নামে সর্বোচ্চ ৩০ (ত্রিশ) লক্ষ অথবা যুগ্ম-নামে সর্বোচ্চ ৬০ (ষাট) লক্ষ টাকা।

**অন্যান্য সুবিধাঃ**

(ক) ত্রৈমাসিকভিত্তিতে মুনাফা প্রদেয়।

(খ) নমিনী নিয়োগ করা যায়।

(গ) সঞ্চয়পত্রের ক্রেতার মৃত্যুর পর নমিনী সাথে সাথেই সঞ্চয়পত্র নগদায়ন করে টাকা উত্তোলন করতে পারেন অথবা পূর্ণ মেয়াদ পর্যন্ত যথারীতি প্রতি তিন (৩)মাস অন্তর মুনাফা উত্তোলন করতে পারেন।

## পেনশনার সঞ্চয়পত্র (প্রবর্তনঃ ২০০৪ খ্রিঃ)

**মূল্যমানঃ** ৫০,০০০ টাকা; ১,০০,০০০ টাকা; ২,০০,০০০ টাকা; ৫,০০,০০০ ও ১০,০০,০০০ টাকা।

**কোথায় পাওয়া যায়ঃ** জাতীয় সঞ্চয় ব্যুরো, বাংলাদেশ ব্যাংক শাখাসমূহ, বাণিজ্যিক ব্যাংকসমূহ এবং ডাকঘর থেকে ক্রয় ও নগদায়ন করা যায়।

**মেয়াদঃ** ৫ (পাঁচ) বছর।

মুনাফা হারঃ

| ক্রমিক নং | সঞ্চয় স্কিমের নাম | মেয়াদ (উত্তীর্ণ হইলে) | বিদ্যমান মুনাফার হার | ক্রমিক ১-৯ এ বর্ণিত সকল সঞ্চয় স্কিমে ক্রমপুঞ্জীভূত বিনিয়োগের পরিমাণ: | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | ১৫,০০,০০০ টাকা পর্যন্ত | ১৫,০০,০০১ টাকা হতে ৩০,০০,০০০ | ৩০,০০,০০১ টাকা হতে তদূর্ধ্ব |
| | | | | পুনঃনির্ধারিত মুনাফার হার (%) | | |
| ০৩ | পেনশনার সঞ্চয়পত্র | ১ম বছরান্তে | ৯.৭০% | ৯.৭০ | ৮.৮৭ | ৮.০৪ |
| | | ২য় বছরান্তে | ১০.১৫% | ১০.১৫ | ৯.২৮ | ৮.৪২ |
| | | ৩য় বছরান্তে | ১০.৬৫% | ১০.৬৫ | ৯.৭৪ | ৮.৮৩ |
| | | ৪র্থ বছরান্তে | ১১.২০% | ১১.২০ | ১০.২৪ | ৯.২৯ |
| | | ৫ম বছরান্তে | ১১.৭৬% | ১১.৭৬ | ১০.৭৫ | ৯.৭৫ |

মেয়াদপূর্তির পূর্বে নগদায়ন করলে উপরোক্ত ছকে উল্লেখিত হারে মুনাফা প্রাপ্য হবে এবং অতিরিক্ত অর্থ পরিশোধিত হয়ে থাকলে তা মূল টাকা হতে কর্তন করে সমন্বয়পূর্বক অবশিষ্ট মূল টাকা পরিশোধ করা হবে।

**উৎসে করঃ** পেনশনার সঞ্চয়পত্রে ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা পর্যন্ত সর্বমোট বিনিয়োগের ক্ষেত্রে মুনাফার উপর কোন উৎসে কর কর্তন করা হয় না। ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকার অধিক বিনিয়োগের ক্ষেত্রে মুনাফার উপর ১০% হারে উৎসে কর কর্তন করা হয়।

**যারা ক্রয় করতে পারবেনঃ** অবসরপ্রাপ্ত সরকারী, আধা-সরকারী, স্বায়ত্তশাসিত, আধা-স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারী, সুপ্রীম কোর্টের অবসরপ্রাপ্ত মাননীয় বিচারপতিগণ, সশস্ত্র বাহিনীর অবসরপ্রাপ্ত সদস্য এবং মৃত চাকুরিজীবীর পারিবারিক পেনশন সুবিধাভোগী স্বামী/স্ত্রী/সন্তান।

**ক্রয়ের উর্ধ্বসীমাঃ** প্রাপ্ত আনুতোষিক (Gratuity) ও ভবিষ্য তহবিলের অর্থ (চূড়ান্ত) মিলিয়ে একক নামে সর্বোচ্চ ৫০ লক্ষ টাকা।

**অন্যান্য সুবিধাঃ**

(ক) ত্রৈমাসিকভিত্তিতে মুনাফা প্রদেয়

(খ) নমিনী নিয়োগ করা যায়।

(গ) সঞ্চয়পত্রের ক্রেতার মৃত্যুর পর নমিনী সাথে সাথেই অথবা মেয়াদ উত্তীর্ণের পর সঞ্চয়পত্র ভাঙ্গাতে পারেন।

## পরিবার সঞ্চয়পত্র (প্রবর্তনঃ ২০০৯ খ্রিঃ)

**মূল্যমানঃ** ১০,০০০ টাকা; ২০,০০০ টাকা; ৫০,০০০ টাকা; ১,০০,০০০ টাকা; ২,০০,০০০ টাকা; ৫,০০,০০০ টাকা এবং ১০,০০,০০০ টাকা।

**কোথায় পাওয়া যায়ঃ** জাতীয় সঞ্চয় ব্যুরো, বাংলাদেশ ব্যাংক শাখাসমূহ, বাণিজ্যিক ব্যাংকসমূহ এবং ডাকঘর থেকে ক্রয় ও নগদায়ন করা যায়।

**মেয়াদঃ** ৫ (পাঁচ) বছর।

### মুনাফা হারঃ

| ক্রমিক নং | সঞ্চয় স্কিমের নাম | মেয়াদ (উত্তীর্ণ হইলে) | বিদ্যমান মুনাফার হার | ক্রমিক ১-৯ এ বর্ণিত সকল সঞ্চয় স্কিমে ক্রমপুঞ্জীভূত বিনিয়োগের পরিমাণ: | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | ১৫,০০,০০০ টাকা পর্যন্ত | ১৫,০০,০০১ টাকা হতে ৩০,০০,০০০ | ৩০,০০,০০১ টাকা হতে তদূর্ধ্ব |
| | | | | পুনঃনির্ধারিত মুনাফার হার (%) | | |
| ০৪ | পরিবার সঞ্চয়পত্র | ১ম বছরান্তে | ৯.৫০% | ৯.৫০ | ৮.৬৬ | ৭.৮৩ |
| | | ২য় বছরান্তে | ১০.০০% | ১০.০০ | ৯.১১ | ৮.২৫ |
| | | ৩য় বছরান্তে | ১০.৫০% | ১০.৫০ | ৯.৫৭ | ৮.৬৬ |
| | | ৪র্থ বছরান্তে | ১১.০০% | ১১.০০ | ১০.০৩ | ৯.০৭ |
| | | ৫ম বছরান্তে | ১১.৫২% | ১১.৫২ | ১০.৫০ | ৯.৫০ |

মেয়াদপূর্তির পূর্বে নগদায়ন করলে উপরোক্ত ছকে উল্লেখিত হারে মুনাফা প্রাপ্য হবে এবং অতিরিক্ত অর্থ পরিশোধিত হয়ে থাকলে তা মূল টাকা হতে কর্তন করে সমন্বয়পূর্বক অবশিষ্ট মূল টাকা পরিশোধ করা হবে।

**উৎসে করঃ** ৫-বছর মেয়াদী বাংলাদেশ সঞ্চয়পত্র, ৩-মাস অন্তর মুনাফা ভিত্তিক সঞ্চয়পত্র ও পরিবার সঞ্চয়পত্রে ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা পর্যন্ত সর্বমোট বিনিয়োগের ক্ষেত্রে মুনাফার উপর ৫% হারে এবং এর অধিক বিনিয়োগের ক্ষেত্রে মুনাফার উপর ১০% হারে উৎসে কর কর্তন করা হয়।

**যারা ক্রয় করতে পারবেনঃ**

(ক) ১৮ (আঠার) ও তদুর্ধ্ব বয়সের যে কোন বাংলাদেশী মহিলা,

(খ) যে কোন বাংলাদেশী শারীরিক প্রতিবন্ধী (পুরুষ ও মহিলা) এবং

(গ) ৬৫ (পঁয়ষট্টি) ও তদুর্ধ্ব বয়সের যে কোন বাংলাদেশী (পুরুষ ও মহিলা) নাগরিক।

**ক্রয়ের উর্ধ্বসীমাঃ** একক নামে সর্বোচ্চ ৪৫ (পঁয়তাল্লিশ) লক্ষ টাকা।

**অন্যান্য সুবিধাঃ**

(ক) মাসিকভিত্তিতে মুনাফা প্রদেয়।

(খ) নমিনী নিয়োগ করা যায় / পরিবর্তন ও বাতিল করা যায়।

(গ) সঞ্চয়পত্রের ক্রেতার মৃত্যুর পর নমিনী সাথে সাথেই সঞ্চয়পত্র নগদায়ন করে টাকা উত্তোলন করতে পারেন অথবা পূর্ণ মেয়াদ পর্যন্ত যথারীতি মাসে মাসে মুনাফা উত্তোলন করতে পারেন।

**বিঃদ্রঃ** ৫ (পাঁচ) বছর মেয়াদি বাংলাদেশ সঞ্চয়পত্র, ৩-মাস অন্তর মুনাফাভিত্তিক সঞ্চয়পত্র ও পরিবার সঞ্চয়পত্রে সমন্বিতভাবে একক নামে সর্বোচ্চ ৫০ লক্ষ টাকা **অথবা** যুগ্ম নামে সর্বোচ্চ ১ কোটি টাকা বিনিয়োগ করা যাবে। উল্লেখ্য যে, পরিবার সঞ্চয়পত্র যৌথ নামে ক্রয় করা যায় না।

## ডাকঘর সঞ্চয় ব্যাংক (প্রবর্তনঃ ১৮৭২ খ্রিঃ)

**(ক) সাধারণ হিসাব :**

**১। মুনাফাঃ** ৭.৫% (সরল হারে);

| ক্রমিক নং | সঞ্চয় স্কিমের নাম | মেয়াদ (উত্তীর্ণ হইলে) | বিদ্যমান মুনাফার হার | ক্রমিক ১-৯ এ বর্ণিত সকল সঞ্চয় স্কিমে ক্রমপুঞ্জীভূত বিনিয়োগের পরিমাণ: | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | ১৫,০০,০০০ টাকা পর্যন্ত | ১৫,০০,০০১ টাকা হতে ৩০,০০,০০০ | ৩০,০০,০০১ টাকা হতে তদূর্ধ্ব |
| ০৫ | ডাকঘর সঞ্চয় ব্যাংক-সাধারণ হিসাব | - | ৭.৫০% | ৭.৫০ | ৭.৫০ | ৭.৫০ |

**২। যারা বিনিয়োগ করতে পারবেন :**

(ক) সকল শ্রেণি ও পেশার বাংলাদেশী নাগরিক।

**৩। বিনিয়োগ করতে যা যা প্রয়োজন :** ক্রেতার ২(দুই) কপি (পিপি সাইজ) ছবি, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি এবং নমিনী থাকলে প্রত্যেকের ২(দুই) কপি (পিপি সাইজ) ছবি।

**৪। বিনিয়োগের উর্ধ্বসীমা :** একক নামে সর্বোচ্চ ১০ লক্ষ টাকা **অথবা** যুগ্ম-নামে সর্বোচ্চ ২০ লক্ষ টাকা।

**৫। অন্যান্য সুবিধা:** (ক) নমিনী নিয়োগ করা যায় / পরিবর্তন ও বাতিল করা যায়;
(খ) এক মাসেরও মুনাফা প্রদেয়।

**খ) মেয়াদী হিসাবঃ**

**১। মুনাফাঃ** মেয়াদান্তে (৩ বছর) ১১.২৮%।

| ক্রমিক নং | সঞ্চয় স্কিমের নাম | মেয়াদ (উত্তীর্ণ হইলে) | বিদ্যমান মুনাফার হার | ক্রমিক ১-৯ এ বর্ণিত সকল সঞ্চয় স্কিমে ক্রমপুঞ্জীভূত বিনিয়োগের পরিমাণ: | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | ১৫,০০,০০০ টাকা পর্যন্ত | ১৫,০০,০০১ টাকা হতে ৩০,০০,০০০ | ৩০,০০,০০১ টাকা হতে তদূর্ধ্ব |
| | | | পুনঃনির্ধারিত মুনাফার হার (%) | | | |
| ০৭ | ডাকঘর সঞ্চয় ব্যাংক-মেয়াদী হিসাব | ১ম বছরান্তে | ১০.২০% | ১০.২০ | ৯.৩১ | ৮.৪১ |
| | | ২য় বছরান্তে | ১০.৭০% | ১০.৭০ | ৯.৭৭ | ৮.৮২ |
| | | ৩য় বছরান্তে | ১১.২৮% | ১১.২৮ | ১০.৩০ | ৯.৩০ |

১,০০,০০০ (এক লক্ষ) টাকা বিনিয়োগ করলে মেয়াদান্তে ৩৩,৮৪০ (তেত্রিশ হাজার আটশত চল্লিশ) টাকা পাওয়া যায়। ১০% হারে উৎসে কর কর্তন ৩,৩৮৪.০০ (তিন হাজার তিনশত চুরাশি) টাকা এবং নীট প্রদেয় মুনাফা ৩০,৪৫৬ (ত্রিশ হাজার চারশত ছাপ্পান্ন) টাকা। তবে ১ (এক) বছর, ২ (দুই) বছর অথবা ৩ (তিন) বছর মেয়াদী হিসাব খোলা যায়। আমানতকারী ইচ্ছা করলে প্রতি ৬ মাস অন্তর মুনাফা উত্তোলন করতে পারেন।

**২। যারা বিনিয়োগ করতে পারেনঃ**

(ক) সকল শ্রেণি ও পেশার বাংলাদেশী নাগরিক।

**৩। বিনিয়োগের উর্ধ্বসীমাঃ** একক হিসেবে ১০ লক্ষ টাকা অথবা যুগ্ম হিসেবে ২০ লক্ষ টাকা।

**৪। অন্যান্য সুবিধাঃ**

(ক) সকল শ্রেণি ও পেশার বাংলাদেশী নাগরিক এ হিসাব খুলতে পারেন;
(খ) নমিনী নিয়োগ করা যায় / পরিবর্তন ও বাতিল করা যায়;
(গ) স্বয়ংক্রিয় পুনঃবিনিয়োগ সুবিধা পাওয়া যায়।

## ওয়েজ আর্নার ডেভেলপমেন্ট বন্ড (প্রবর্তন : ১৯৮১ খ্রিঃ)

**মূল্যমানঃ** ২৫,০০০ টাকা; ৫০,০০০ টাকা; ১,০০,০০০ টাকা; ২,০০,০০০ টাকা; ৫, ০০,০০০ টাকা;১০,০০,০০০ এবং ৫০,০০,০০০ টাকা

**কোথায় পাওয়া যায়ঃ** বাংলাদেশ ব্যাংক এবং বিদেশে অবস্থিত বাংলাদেশের তফসিলী ব্যাংকের শাখা, এক্সচেঞ্জ হাউস, এক্সচেঞ্জ কোম্পানী, যে কোন তফশিলী ব্যাংকের অথরাইজড ডিলার (AD) শাখা হতে ক্রয় করা যায়।

**মেয়াদঃ** ৫ (পাঁচ) বছর।

**মুনাফার হারঃ** ১২.০০ % (সরল হারে)

| ক্রমিক নং | সঞ্চয় স্কিমের নাম | মেয়াদ (উত্তীর্ণ হইলে) | বিদ্যমান মুনাফার হার | ক্রমিক ১-৯ এ বর্ণিত সকল সঞ্চয় স্কিমে ক্রমপুঞ্জীভূত বিনিয়োগের পরিমাণ: | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | ১৫,০০,০০০ টাকা পর্যন্ত | ১৫,০০,০০১ টাকা হতে ৩০,০০,০০০ | ৩০,০০,০০১ টাকা হতে ৫০,০০,০০০ | ৫০,০০,০০১ টাকা হতে তদূর্ধ্ব |
| | | | | পুনঃনির্ধারিত মুনাফার হার (%) | | | |
| ০৭ | ওয়েজ আর্নার ডেভেলপমেন্ট বন্ড | ৬-মাস পর, কিন্তু ১২ মাসের পূর্বে | ৮.৭০ | ৮.৭০ | ৭.৯৮ | ৭.২৫ | ৬.৫৩ |
| | | ১২-মাস পর, কিন্তু ১৮ মাসের পূর্বে | ৯.৪৫ | ৯.৪৫ | ৮.৬৬ | ৭.৮৮ | ৭.০৯ |
| | | ১৮-মাস পর, কিন্তু ২৪ মাসের পূর্বে | ১০.২০ | ১০.২০ | ৯.৩৫ | ৮.৫০ | ৭.৬৫ |
| | | ২৪-মাস পর, কিন্তু ৬০ মাসের পূর্বে | ১১.২০ | ১১.২০ | ১০.২৭ | ৯.৩৩ | ৮.৪০ |
| | | মেয়াদান্তে | ১২.০০ | ১২.০০ | ১১.০০ | ১০.০০ | ৯.০০ |

**যারা ক্রয় করতে পারবেনঃ**

(ক) বৈধ ওয়েজ আর্নার নিজে বা আবেদনপত্রে উল্লিখিত ব্যক্তি বা বাংলাদেশে তার বেনিফিসিয়ারীর নামে বাংলাদেশী টাকা/ বৈদেশিক মুদ্রায় ক্রয় করা যায়।

(খ) বিদেশে বাংলাদেশ দূতাবাসে কর্মরত বাংলাদেশ সরকারের কর্মকর্তা ও কর্মচারীগণ ক্রয় করতে পারে।

**ক্রয়ের উর্ধ্বসীমা:** ০১ (এক) কোটি টাকা।

**অন্যান্য সুবিধাঃ**

(ক) ৪০% থেকে ৫০% পর্যন্ত মৃত্যু-ঝুঁকির সুবিধা রয়েছে;
(খ) স্বয়ংক্রিয়ভাবে একাধিক মেয়াদের জন্য পুনঃবিনিয়োগ সুবিধা প্রদেয়;
(গ) ষান্মাসিকভিত্তিতে মুনাফা প্রদেয়;
(ঘ) বন্ডের বিপরীতে ঋণ গ্রহণের সুবিধা রয়েছে;
(ঙ) নমিনী নিয়োগ করা যায় / পরিবর্তন ও বাতিল করা যায়;
(চ) হারিয়ে গেলে, পুড়ে গেলে বা নষ্ট হলে ডুপ্লিকেট বন্ড ইস্যুর সুযোগ রয়েছে;
(ছ) এফসি একাউন্ট থাকার বাধ্যবাধকতা নেই;
(জ) এ বন্ডে বিনিয়োগকৃত অর্থ ও অর্জিত মুনাফা আয়কর মুক্ত;
(ঝ) এ বন্ডের মূল অর্থ ডলারে গ্রহণ করার সুযোগ রয়েছে।

## ইউ.এস. ডলার প্রিমিয়াম বন্ড (প্রবর্তনঃ ২০০২ খ্রিঃ)

**মূল্যমান:** ইউএস ডলার ৫০০; ইউএস ডলার ১,০০০; ইউএস ডলার ৫,০০০; ইউএস ডলার ১০,০০০ এবং ইউএস ডলার ৫০,০০০।

**কোথায় পাওয়া যায়ঃ** বাংলাদেশ ব্যাংক এবং বিদেশে অবস্থিত বাংলাদেশের তফসিলী ব্যাংকের শাখা, এক্সচেঞ্জ হাউস, এক্সচেঞ্জ কোম্পানী, যে কোন তফশিলী ব্যাংকের অথরাইজড ডিলার (AD) শাখা হতে ক্রয় করা যায়।

**মেয়াদ:** ৩ (তিন) বছর।

**মুনাফার হারঃ**

| ক্রমিক নং | সঞ্চয় স্কিমের নাম | মেয়াদ (উত্তীর্ণ হইলে) | বিদ্যমান মুনাফার হার | ক্রমিক ১-৯ এ বর্ণিত সকল সঞ্চয় স্কিমে ক্রমপুঞ্জীভূত বিনিয়োগের পরিমাণ: | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | ১৫,০০,০০০ টাকা পর্যন্ত | ১৫,০০,০০১ টাকা হতে ৩০,০০,০০০ | ৩০,০০,০০১ টাকা হতে ৫০,০০,০০০ | ৫০,০০,০০১ টাকা হতে তদূর্ধ্ব |
| | | | | পুনঃনির্ধারিত মুনাফার হার (%) | | | |
| ০৮ | ইউ.এস ডলার প্রিমিয়াম বন্ড | ১ম বছরান্তে | ৬.৫০ | ৬.৫০ | ৬.৫০ | ৬.৫০ | ৬.৫০ |
| | | ২য় বছরান্তে | ৭.০০ | ৭.০০ | ৭.০০ | ৭.০০ | ৭.০০ |
| | | ৩য় বছরান্তে | ৭.৫০ | ৭.৫০ | ৭.৫০ | ৭.৫০ | ৭.৫০ |

**যারা ক্রয় করতে পারবেন:** অনিবাসী বাংলাদেশী এবং বাংলাদেশী বংশোদ্ভূত বিদেশী নাগরিক।

**ক্রয়ের উর্ধ্বসীমা:** ০১ (এক) কোটি টাকার সমপরিমাণ বৈদেশিক মুদ্রা।

**অন্যান্য সুবিধাঃ**

(ক) ১৫% থেকে ২৫% পর্যন্ত মৃত্যু-ঝুঁকির সুবিধা রয়েছে;

(খ) স্বয়ংক্রিয়ভাবে একাধিক মেয়াদের জন্য পুনঃবিনিয়োগ সুবিধা বিদ্যমান;

(গ) বাৎসরিকভিত্তিতে মুনাফা প্রদেয়;

(ঘ) বন্ডের বিপরীতে ঋণ গ্রহণের সুবিধা রয়েছে;

(ঙ) নমিনী নিয়োগ করা যায়/ পরিবর্তন ও বাতিল করা যায়;

(চ) এফসি একাউন্ট থাকার কোন বাধ্যবাধকতা আছে;

(ছ) হারিয়ে গেলে, পুড়ে গেলে বা নষ্ট হলে ডুপ্লিকেট বন্ড ইস্যুর সুযোগ রয়েছে;

(জ) বাংলাদেশী মুদ্রায় মূল ও মুনাফা প্রদেয়;

(ঝ) এ বন্ডে বিনিয়োগকৃত অর্থ ও অর্জিত মুনাফা আয়কর মুক্ত;

(ঞ) এ বন্ডে বিনিয়োগকৃত অর্থ ও মুনাফা ডলারে ফেরত নেয়া যায়।

## ইউ.এস. ডলার ইনভেস্টমেন্ট বন্ড (প্রবর্তনঃ ২০০২ খ্রিঃ)

**মূল্যমানঃ** ইউএস ডলার ৫০০; ইউএস ডলার ১,০০০; ইউএস ডলার ৫,০০০; ইউএস ডলার ১০,০০০ এবং ইউএস ডলার ৫০,০০০।

**কোথায় পাওয়া যায়ঃ** বাংলাদেশ ব্যাংক এবং বিদেশে অবস্থিত বাংলাদেশের তফসিলী ব্যাংকের শাখা, এক্সচেঞ্জ হাউস, এক্সচেঞ্জ কোম্পানী, যে কোন তফশিলী ব্যাংকের অথরাইজড ডিলার (AD) শাখা হতে ক্রয় করা যায়।

**মেয়াদঃ** ৩ (তিন) বছর।

**মুনাফার হারঃ**

| ক্রমিক নং | সঞ্চয় স্কিমের নাম | মেয়াদ (উত্তীর্ণ হইলে) | বিদ্যমান মুনাফার হার | ক্রমিক ১-৯ এ বর্ণিত সকল সঞ্চয় স্কিমে ক্রমপুঞ্জীভূত বিনিয়োগের পরিমাণ: | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | ১৫,০০,০০০ টাকা পর্যন্ত | ১৫,০০,০০১ টাকা হতে ৩০,০০,০০০ | ৩০,০০,০০১ টাকা হতে ৫০,০০,০০০ | ৫০,০০,০০১ টাকা হতে তদূর্ধ্ব |
| | | | | পুনঃনির্ধারিত মুনাফার হার (%) | | | |
| ০৯ | ইউ.এস ডলার ইনভেস্টমেন্ট বন্ড | ১ম বছরান্তে | ৫.৫০ | ৫.৫০ | ৫.৫০ | ৫.৫০ | ৫.৫০ |
| | | ২য় বছরান্তে | ৬.০০ | ৬.০০ | ৬.০০ | ৬.০০ | ৬.০০ |
| | | ৩য় বছরান্তে | ৬.৫০ | ৬.৫০ | ৬.৫০ | ৬.৫০ | ৬.৫০ |

**যারা ক্রয় করতে পারবেনঃ** অনিবাসী বাংলাদেশী এবং বাংলাদেশী বংশোদ্ভূত বিদেশী নাগরিক।

**ক্রয়ের উর্ধ্বসীমা**: ০১ (এক) কোটি টাকার সমপরিমাণ বৈদেশিক মুদ্রা।

**অন্যান্য সুবিধাঃ**

(ক) মূল ও মুনাফা ইউএস ডলারে প্রদেয় / বাংলাদেশী মুদ্রায় প্রদেয়;

(খ) স্বয়ংক্রিয়ভাবে একাধিক মেয়াদের জন্য পুনঃবিনিয়োগ সুবিধা বিদ্যমান;

(গ) বাৎসরিকভিত্তিতে মুনাফা প্রদেয়;

(ঘ) বন্ডের বিপরীতে ঋণ গ্রহণের সুবিধা রয়েছে;

(ঙ) নমিনী নিয়োগ করা যায় / পরিবর্তন ও বাতিল করা যায়;

(চ) হারিয়ে গেলে, পুড়ে গেলে বা নষ্ট হলে ডুপ্লিকেট বন্ড ইস্যুর সুযোগ রয়েছে;

(ছ) এ বন্ডে বিনিয়োগকৃত অর্থ ও অর্জিত মুনাফা আয়কর মুক্ত;

(জ) ১৫% থেকে ২৫% পর্যন্ত মৃত্যু-ঝুঁকির সুবিধা রয়েছে;

(ঝ) এফসি একাউন্ট থাকার বাধ্যবাধকতা আছে।

## ডাক জীবন বীমা (প্রবর্তনঃ ১৮৭২ খ্রিঃ)

ডাক জীবন বীমা সরকার কর্তৃক পরিচালিত।

**(১) যারা এ বীমা করতে পারেনঃ** ১৯ থেকে ৫৫ বছর বয়সী সকল শ্রেণি ও পেশার বাংলাদেশী নাগরিক।

**(২) পলিসির ধরনঃ** (ক) জীবন চুক্তি বীমা; (খ) মেয়াদী বীমা; (গ) শিক্ষা মেয়াদী বীমা; (ঙ) বিবাহ বীমা; (ঙ) এন্ডোমেন্ট বীমা।

**(৩) অন্যান্য সুবিধাঃ**

(ক) আয়কর রেয়াত পাওয়া যায়;

(খ) প্রিমিয়ামের হার কম, বোনাসের পরিমাণ বেশী;

(গ) ১০০% ঝুঁকি সুবিধা;

(ঘ) আকস্মিক মৃত্যু ও চির-অক্ষমতার মঙ্গল বিধান চুক্তি;

(ঙ) ডাক্তারি পরীক্ষা ব্যতিত পলিসি।

**(৪) প্রচলিত বোনাসঃ**

| বীমার শ্রেণি | প্রতি হাজারে প্রতি বছরে বোনাস |
|---|---|
| (ক) আজীবন বীমা | ৪২.০০ টাকা |
| (খ) মেয়াদী বীমা | ৩৩.০০ টাকা |

**(৫) বিনিয়োগ করতে যা লাগবেঃ** ক্রেতার ২(দুই) কপি (পিপি সাইজ) ছবি, জাতীয় পরিচয়পত্র/ জন্ম নিবন্ধন সনদ/পাসপোর্টের ফটোকপি এবং নমিনী থাকলে প্রত্যেকের ২(দুই) কপি (পিপি সাইজ) ছবি।

## বাংলাদেশ প্রাইজ বন্ড (১০০ টাকা মূল্যমান)

২। পুরস্কার: প্রতি ড্র তে প্রতি সিরিজে পুরস্কার

(ক) ৬,০০,০০০ টাকার প্রথম পুরস্কার ০১ (এক)টি;

(খ) ৩,২৫,০০০ টাকার দ্বিতীয় পুরস্কার ০১ (এক)টি;

(গ) ১,০০,০০০ টাকার তৃতীয় পুরস্কার ০২ (দুই)টি;

(ঘ) ৫০,০০০ টাকার চতুর্থ পুরস্কার ০২ (দুই)টি;

(ঙ) ১০,০০০ টাকার পঞ্চম পুরস্কার ৪০ (চল্লিশ)টি।

৩। অন্যান্য তথ্যাবলীঃ

(ক) প্রতি তিন মাস অন্তর (৩১ জানুয়ারি, ৩০ এপ্রিল, ৩১ জুলাই ও ৩১অক্টোবর) ‘ড্র’ অনুষ্ঠিত হয়;

(খ) বন্ডে নির্দেশিত বিক্রয় তারিখ হতে ন্যূনতম ২ (দুই) মাস অতিক্রমের পর উক্ত বন্ড ‘ড্র’ এর আওতায় আসবে;

(গ) পুরস্কারপ্রাপ্ত বন্ড ফেরৎ দেয়া হয় না, তবে বন্ডে অভিহিত মূল্য পুরস্কারের অর্থের সাথে প্রদান করা হয়;

(ঘ) ‘ড্র’ অনুষ্ঠানের নির্ধারিত তারিখ হতে দুই বছরের মধ্যে পুরস্কারের টাকা দাবী করতে হয়;

(ঙ) পুরস্কারপ্রাপ্ত অর্থ হতে ২০% উৎসে কর কর্তন করে পুরস্কারের টাকা প্রদান করা হয়।

# জাতীয় সঞ্চয় স্কিমসমূহের বিদ্যমান মুনাফার হার

| ক্রমিক নম্বর | সঞ্চয় স্কিমের নাম | মেয়াদ (উত্তীর্ণ হইলে) | বিদ্যমান মুনাফার হার | ক্রমিক ১-৯ এ বর্ণিত সকল সঞ্চয় স্কিমে ক্রমপুঞ্জীভূত বিনিয়োগের পরিমাণ: | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | ১৫,০০,০০০ টাকা পর্যন্ত | ১৫,০০,০০১ টাকা হতে ৩০,০০,০০০ | ৩০,০০,০০১ টাকা হতে তদূর্ধ্ব |
| | | | | পুনঃনির্ধারিত মুনাফার হার (%) | | |
| ১ | ৫-বছর মেয়াদী বাংলাদেশ সঞ্চয়পত্র | ১ম বছরান্তে | ৯.৩৫% | ৯.৩৫ | ৮.৫৪ | ৭.৭১ |
| | | ২য় বছরান্তে | ৯.৮০% | ৯.৮০ | ৮.৯৫ | ৮.০৮ |
| | | ৩য় বছরান্তে | ১০.২৫% | ১০.২৫ | ৯.৩৬ | ৮.৪৫ |
| | | ৪র্থ বছরান্তে | ১০.৭৫% | ১০.৭৫ | ৯.৮২ | ৮.৮৬ |
| | | ৫ম বছরান্তে | ১১.২৮% | ১১.২৮ | ১০.৩০ | ৯.৩০ |
| ২ | ৩-মাস অন্তর মুনাফা ভিত্তিক সঞ্চয়পত্র | ১ম বছরান্তে | ১০.০০% | ১০.০০ | ৯.০৬ | ৮.১৫ |
| | | ২য় বছরান্তে | ১০.৫০% | ১০.৫০ | ৯.৫১ | ৮.৫৬ |
| | | ৩য় বছরান্তে | ১১.০৪% | ১১.০৪ | ১০.০০ | ৯.০০ |
| ৩ | পেনশনার সঞ্চয়পত্র | ১ম বছরান্তে | ৯.৭০% | ৯.৭০ | ৮.৮৭ | ৮.০৪ |
| | | ২য় বছরান্তে | ১০.১৫% | ১০.১৫ | ৯.২৮ | ৮.৪২ |
| | | ৩য় বছরান্তে | ১০.৬৫% | ১০.৬৫ | ৯.৭৪ | ৮.৮৩ |
| | | ৪র্থ বছরান্তে | ১১.২০% | ১১.২০ | ১০.২৪ | ৯.২৯ |
| | | ৫ম বছরান্তে | ১১.৭৬% | ১১.৭৬ | ১০.৭৫ | ৯.৭৫ |
| ৪ | পরিবার সঞ্চয়পত্র | ১ম বছরান্তে | ৯.৫০% | ৯.৫০ | ৮.৬৬ | ৭.৮৩ |
| | | ২য় বছরান্তে | ১০.০০% | ১০.০০ | ৯.১১ | ৮.২৫ |
| | | ৩য় বছরান্তে | ১০.৫০% | ১০.৫০ | ৯.৫৭ | ৮.৬৬ |
| | | ৪র্থ বছরান্তে | ১১.০০% | ১১.০০ | ১০.০৩ | ৯.০৭ |
| | | ৫ম বছরান্তে | ১১.৫২% | ১১.৫২ | ১০.৫০ | ৯.৫০ |
| ৫ | ডাকঘর সঞ্চয় ব্যাংক-সাধারণ হিসাব | - | ৭.৫০% | ৭.৫০ | ৭.৫০ | ৭.৫০ |
| ৬ | ডাকঘর সঞ্চয় ব্যাংক-মেয়াদী হিসাব | ১ম বছরান্তে | ১০.২০% | ১০.২০ | ৯.৩১ | ৮.৪১ |
| | | ২য় বছরান্তে | ১০.৭০% | ১০.৭০ | ৯.৭৭ | ৮.৮২ |
| | | ৩য় বছরান্তে | ১১.২৮% | ১১.২৮ | ১০.৩০ | ৯.৩০ |

| ক্রমিক নম্বর | সঞ্চয় স্কিমের নাম | মেয়াদ (উত্তীর্ণ হইলে) | বিদ্যমান মুনাফার হার | ক্রমিক ১-৯ এ বর্ণিত সকল সঞ্চয় স্কিমে ক্রমপুঞ্জীভূত বিনিয়োগের পরিমাণ: | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | ১৫,০০,০০০ টাকা পর্যন্ত | ১৫,০০,০০১ টাকা হতে ৩০,০০,০০০ | ৩০,০০,০০১ টাকা হতে ৫০,০০,০০০ | ৫০,০০,০০১ টাকা হতে তদূর্ধ্ব |
| | | | | পুনঃনির্ধারিত মুনাফার হার (%) | | | |
| ৭ | ওয়েজ আর্নার ডেভেলপমেন্ট বন্ড | ৬-মাস পর, কিন্তু ১২ মাসের পূর্বে | ৮.৭০ | ৮.৭০ | ৭.৯৮ | ৭.২৫ | ৬.৫৩ |
| | | ১২-মাস পর, কিন্তু ১৮ মাসের পূর্বে | ৯.৪৫ | ৯.৪৫ | ৮.৬৬ | ৭.৮৮ | ৭.০৯ |
| | | ১৮-মাস পর, কিন্তু ২৪ মাসের পূর্বে | ১০.২০ | ১০.২০ | ৯.৩৫ | ৮.৫০ | ৭.৬৫ |
| | | ২৪-মাস পর, কিন্তু ৬০ মাসের পূর্বে | ১১.২০ | ১১.২০ | ১০.২৭ | ৯.৩৩ | ৮.৪০ |
| | | মেয়াদান্তে | ১২.০০ | ১২.০০ | ১১.০০ | ১০.০০ | ৯.০০ |
| ৮ | ইউ.এস ডলার প্রিমিয়াম বন্ড | ১ম বছরান্তে | ৬.৫০ | ৬.৫০ | ৬.৫০ | ৬.৫০ | ৬.৫০ |
| | | ২য় বছরান্তে | ৭.০০ | ৭.০০ | ৭.০০ | ৭.০০ | ৭.০০ |
| | | ৩য় বছরান্তে | ৭.৫০ | ৭.৫০ | ৭.৫০ | ৭.৫০ | ৭.৫০ |
| ৯ | ইউ.এস ডলার ইনভেস্টমেন্ট বন্ড | ১ম বছরান্তে | ৫.৫০ | ৫.৫০ | ৫.৫০ | ৫.৫০ | ৫.৫০ |
| | | ২য় বছরান্তে | ৬.০০ | ৬.০০ | ৬.০০ | ৬.০০ | ৬.০০ |
| | | ৩য় বছরান্তে | ৬.৫০ | ৬.৫০ | ৬.৫০ | ৬.৫০ | ৬.৫০ |

## শর্তাবলীঃ

(ক) এই আদেশ জারির পূর্বে ক্রয়কৃত সঞ্চয় স্কিম ক্রয়কালীন হারে মুনাফা প্রাপ্য হইবে এবং যেই মেয়াদের জন্য তাহা ইস্যু করা হইয়াছিল সেই মেয়াদ শেষ হওয়া পর্যন্ত উক্ত হারে মুনাফা প্রাপ্য হইবে। তবে, পুনঃবিনিয়োগের ক্ষেত্রে পুনঃবিনিয়োগের তারিখের মুনাফার হার প্রযোজ্য হইবে।

(খ) বর্ণিত সকল সঞ্চয় স্কিমের ক্রমপুঞ্জিভূত বিনিয়োগ বিবেচনাপূর্বক প্রযোজ্য হারে মুনাফা প্রাপ্য হইবে।

(গ) প্রাতিষ্ঠানিক বিনিয়োগের ক্ষেত্রেও পুনঃনির্ধারিত মুনাফার হার কার্যকর হইবে।

(ঘ) এই আদেশ জারির পরে বিনিয়োগকৃত অর্থের মুনাফা প্রদানের ক্ষেত্রে পূর্বের বিনিয়োগ বিবেচনায় নিয়ে প্রযোজ্য হারে মুনাফা প্রাপ্য হইবে।

(ঙ) যৌথ বিনিয়োগের ক্ষেত্রে প্রত্যেক বিনিয়োগকারীর বর্ণিত সকল সঞ্চয় স্কিমে মোট বিনিয়োগের উপর হিসাব করে প্রযোজ্য হারে মুনাফা প্রাপ্য হইবে।


(চ) যৌথ বিনিয়োগের ক্ষেত্রে প্রত্যেক বিনিয়োগকারীর ক্রমপুঞ্জীভূত বিনিয়োগের পরিমাণ পৃথকভাবে হিসাব করে প্রযোজ্য হারে মুনাফা প্রাপ্য হইবে।

(ছ) সকল সঞ্চয় স্কিমের মুনাফা/সুদ সরল হারে প্রদেয় হইবে।

# উৎসে কর কর্তনের মাধ্যমে রাজস্ব আয়ের তথ্য (২০১৭ থেকে ২০২১ পর্যন্ত)

জাতীয় সঞ্চয় স্কিমে বিনিয়োগকৃত অর্থের উপর অর্জিত মুনাফা হতে ১০% হারে উৎসে কর কর্তন করা হয়। এর মাধ্যমে প্রতি অর্থবছরে সরকারের বিপুল রাজস্ব প্রাপ্তি হয়। বিগত ২০১৬-১৭ অর্থবছর হতে ২০২০-২১ অর্থবছর পর্যন্ত সঞ্চয়পত্রের মুনাফা হতে উৎসে কর কর্তন বাবদ রাজস্ব প্রাপ্তির চিত্র নিম্নে তুলে ধরা হলো:

| ক্র/নং | সঞ্চয় স্কিমের নাম | অর্থবছর | অর্থবছর | অর্থবছর | অর্থবছর | অর্থবছর |
|---|---|---|---|---|---|---|
| | | ২০২০-২১ | ২০১৯-২০ | ২০১৮-২০১৯ | ২০১৭-২০১৮ | ২০১৬-১৭ |
| ১ | প্রতিরক্ষা সঞ্চয়পত্র | ৬০৭,২৬১.৩৫ | ৩৪৬,৩৭৭.৪৫ | ৩৯৮,৫৩৬.৫০ | ৪৬,০১৩,৮৭০.৭৫ | ৩৪,৮৭৯,৭৭১.৬৭ |
| ২ | ৫-বছর মেয়াদী বাংলাদেশ সঞ্চয়পত্র | ২,৭৮১,১২১,৬০৬.৭৮ | ৮৭১,৫২১,৯৩০.৮০ | ৪৭৬,২৪৫,০৬১.৫৮ | ৪৭১,৮৪৫,৯৩০.৪১ | ২১৮,৭১৭,৫০৯.৪৩ |
| ৩ | ৩-বছর মেয়াদী সঞ্চয়পত্র | - | ৩,৪৫৯,৯৬২.০০ | - | ৬১,৬৭২,৫৯১.৭৪ | - |
| ৪ | বোনাস সঞ্চয়পত্র | - | ১৪.০০ | ৬৬.০০ | - | ৬৬.০০ |
| ৫ | ৬-মাস অন্তর মুনাফাভিত্তিক সঞ্চয়পত্র | - | - | - | - | - |
| ৬ | পরিবার সঞ্চয়পত্র | ১৫,০৯৭,৯১২,২৫৫.১৩ | ১১,৫৪৯,৩৬৮,২২৫.৮৪ | ৬,০৩৭,৯২১,০৬৫.২৯ | ৪,৭০৮,২৬৬,৫৪১.৫২ | ৩,৬৮০,৮৪৭,১১০.৪১ |
| ৭ | ৩-মাস অন্তর মুনাফাভিত্তিক সঞ্চয়পত্র | ৭,৯১৮,৩৫২,৭১৬.০০ | ৫,৪১৮,০৯৭,৮০১.৫৬ | ২,৯৬২,৯০৫,৮৫১.৯৭ | ২,৬৫৭,৩২০,৩১৮.৪৭ | ১,৮৫০,৮৪২,৪১৭.৩৭ |
| ৮ | জামানত সঞ্চয়পত্র | - | ১,৮০০.০০ | ১,৩৫০.০০ | ৪০,০০০.০০ | ৫০৫,৮৩৬.০০ |
| ৯ | পেনশনার সঞ্চয়পত্র | ৩,২৭২,২৭৯,৫৮৮.৯৪ | ১,৬২১,২১৪,১৪১.১৭ | ৯৮৫,৫৮১,০৯৭.৯২ | ৭৪৬,৯৮১,১৭৪.৯৫ | ৬০১,৮০২,৮৬৫.২৪ |
| ১০ | ডাকঘর সঞ্চয় ব্যাংক-সাধারণ হিসাব | ১৫০,৮৮৯,৫০১.০০ | ১৪৪,২১৪,৪৮৯.০০ | ৪২৪,২৪৬,১৯৪.০০ | ৩০১,২৬৯,৫২৯.০০ | ১৪৪,১৯৬,৮০২.৬০ |
| ১১ | ডাকঘর সঞ্চয় ব্যাংক-মেয়াদী হিসাব | ৩,৬৯৭,২৫১,৪১৫.০০ | ২,৬০০,৮০৭,৯৮০.০০ | ১,৬৭২,১১৮,৯৭০.০০ | ১,১৫০,৭০১,৮৯২.০০ | ১,১৩৯,৩৮৯,৭৬৯.০০ |
| ১২ | বোনাস হিসাব | - | - | ৯৯.০০ | ৪,৫০৭,০১১.০০ | - |
| ১৩ | ডাক জীবন বীমা | - | - | - | - | - |
| ১৪ | বাংলাদেশ প্রাইজ বন্ড | ৭,৫০৭,০০০.০০ | ৯,২৩০,০০০.০০ | ১০,৫১০,৬০০.০০ | ২,৮৮৪,০০০.০০ | ৩১২,০০০.০০ |
| ১৫ | ওয়েজ আর্নার ডেভেলপমেন্ট বন্ড | - | - | - | - | ১১৫,২৫৫,৭৮৬.৩০ |
| ১৬ | ৩-বছর মেয়াদী জাতীয় বিনিয়োগ বন্ড | - | - | ৫৭,৩৭৫.০০ | ৯৫,৬২৫.০০ | ৬৬০,৫৫৬.২৫ |
| ১৭ | ইউ. এস. ডলার প্রিমিয়াম বন্ড | - | - | - | - | - |
| ১৮ | ইউ. এস. ডলার ইনভেস্টমেন্ট বন্ড | - | - | - | - | - |
| ১৯ | বাংলাদেশ সঞ্চয়পত্র | - | - | - | - | - |
| | **সর্বমোট =** | **৩২৯২,৫৯,২১,৩৪৪.২০** | **২২,২১৮,২৬২,৭২১.৮২** | **১২,৫৬৯,৯৮৬,২৬৭.২৬** | **১০,১৫১,৫৯৮,৪৮৪.৮৪** | **৭,৭৮৭,৪১০,৪৯০.২৭** |




চিত্রঃ উৎসে কর কর্তনের মাধ্যমে ৫ বৎসরের অর্জিত রাজস্ব আয়।

# ১৯৭৭ সাল থেকে বর্তমান (২১-০৯-২০২১ সালে প্রবর্তিত) পর্যন্ত মুনাফা হারের ক্রম বিকাশ

| ক্র/নং | স্কিমের নাম এবং খোলার তারিখ | তারিখ | মুনাফার হার | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১. | ১০-বছর মেয়াদী বাংলাদেশ সঞ্চয়পত্র) ০১-১০-১৯৭৩ | ০১-১০-১৯৭৩ - ৩০-০৬-১৯৭৪ | ৪%-১০% | ০১-০১-১৯৭৭ বন্ধ |
| | | ০১-০৭-১৯৭৪ -৩১-১২-১৯৭৬ | ৬%-১৩% | |
| ০২. | প্রতিরক্ষা সঞ্চয়পত্র ০৮-০৩-১৯৭৬ | ০৮-০৩-১৯৭৬ -১৫-১০-১৯৮০ | ৬%-১৫% | ০১-০৭-২০০২ বন্ধ |
| | | ১৬-১০-১৯৮০ -০২-০৬-১৯৯২ | ১৩%-২১% | |
| | | ০৩-০৬-১৯৯২ - ০৫-০২-১৯৯৫ | ১১%-১৮% | |
| | | ০৬-০২-১৯৯৫ - ৩১-০১-১৯৯৬ | ১০%-১৭% | |
| | | ০১-০২-১৯৯৬ - ২১-০২-১৯৯৭ | ৯.৫%-১৬.৫% | |
| | | ২২-০২-১৯৯৭ - ২৯-১০-২০০১ | ১০.৭৫%-১৭.৭৫% | |
| | | ৩০-১০-২০০১ - ৩০-০৬-২০০২ | ৮.৭৫%-১৫.৭৫% | |
| ০৩. | ৫-বছর মেয়াদী বাংলাদেশ সঞ্চয়পত্র ২০-১২-১৯৭৭ | ২০-১২-১৯৭৭ -২৪-০১-১৯৮৪ | ৬%-১২.২০% | |
| | | ২৫-০১-১৯৮৪ -০২-০৬-১৯৯২ | ১৪%-১৮% | |
| | | ০৩-০৬-১৯৯২ -১৯-০৯-১৯৯৩ | ১১%-১৬% | |
| | | ২০-০৯-১৯৯৩ -০৫-০২-১৯৯৫ | ১১%-১৫% | |
| | | ০৬-০২-১৯৯৫ -৩১-০১-১৯৯৬ | ১০%-১৪% | |
| | | ০১-০২-১৯৯৬ -২১-০২-১৯৯৭ | ৯.৫%-১৩.৫% | |
| | | ২২-০২-১৯৯৭ ২৯-১০-২০০১ | ১০.৫%-১৪.৫% | |
| | | ৩০-১০-২০০১ - ৩১-১২-২০০৩ | ৮.৫০%-১২.৫০% | |
| | | ০১-০১-২০০৪-১৬-০৭-২০০৪ | ৭.৫%-১১.০০% | |
| | | ১৭-০৭-২০০৪ - ০৩-১২-২০০৫ | ৭.০০% -১০.৫০% | |
| | | ০৪ -১২- ২০০৫-৩০-০৬-২০১০ | ৮.০০% - ১২.০০% | |
| | | ০১ -০৭- ২০১০-৩০-০৬-২০১১ | ৭.৫০% - ১০.৫০% | |
| | | ০১ -০৭- ২০১১-২৯-০২-২০১২ | ৮.০০% - ১১.৫৫% | |
| | | ০১-০৩-২০১২ -২২-০৫-২০১৫ | ৯.২০% - ১৩.১৯% | |
| | | ২৩-০৫-২০১৫ -২০-০৯-২০২১ | ৯.৩৫% - ১১.২৮% | |
| | | হইতে ২১-০৯-২০২১ — ১৫,০০,০০০ টাকা পর্যন্ত | ৯.৩৫% - ১১.২৮% | |
| | | ১৫,০০,০০১ টাকা হতে ৩০,০০,০০০ | ৮.৫৪-১০.৩০ | |
| | | ৩০,০০,০০১ টাকা হতে তদূর্ধ্ব | ৭.৭১-৯.৩০ | |
| ০৪. | বোনাস সঞ্চয়পত্র. ২০-১২-১৯৭৭ | ২০-১২-১৯৭৭ -১৫-১০-১৯৮০ | ৯.২৫%-১৬.৬৬% | ৩-৬-১৯৯২ বন্ধ |
| | | ১৬-১০-১৯৮০ -০২-০৬-১৯৯২ | ১৪.৫%-২২% | |
| ০৫. | ৩-বছর মেয়াদী সঞ্চয়পত্র | ০১-১১-১৯৮৮ -০২-০৬-১৯৯২ | ১৯.৫৫% | ২০-০৯-১৯৯৩ বন্ধ |

| ক্র/নং | স্কিমের নাম এবং খোলার তারিখ | তারিখ | মুনাফার হার | মন্তব্য |
|---|---|---|---|---|
| | ১-১১-১৯৮৮ | ০৩-০৬-১৯৯২ -১৯-০৯-১৯৯৩ | ১৫% | |
| ০৬. | ৬-মাস অন্তর মুনাফাভিত্তিক সঞ্চয়পত্র ২১-০২-১৯৯৭ | ২১-০২-১৯৯৭ -২৯-১০-২০০১ | ১৩.৫% | ১-৭-২০০২ |
| | | ৩০-১০-২০০১ -৩০-০৬-২০০২ | ১২% | |
| ০৭. | পরিবার সঞ্চয়পত্র ২৪-০২-১৯৯৭ | ২৪-০২-১৯৯৭ -২৯-১০-২০০১ | ১৩.২০% | ১-৭-২০০২ বন্ধ |
| | | ৩০-১০-২০০১ -৩০-১০-২০০২ | ১১.৯২% | |
| | পরিবার সঞ্চয়পত্র (পুনরায় চালু) ২৩-০৬-২০১০ | ২৩ -০৬- ২০১০-৩০-০৬-২০১১ | ৮.০০% - ১১.০৪% | ২৩-০৬-২০১০ পুনরায় চালু |
| | | ০১ -০৭- ২০১১-২৯-০২-২০১২ | ৮.০০% - ১২.০৭% | |
| | | ০১-০৩-২০১২ -২২-০৫-২০১৫ | ৯.২০% - ১৩.৪৫% | |
| | | ২৩-০৫-২০১৫ -২০-০৯-২০২১ | ৯.৫০% - ১১.৫২% | |
| | | হইতে ২১-০৯-২০২১ — ১৫,০০,০০০ টাকা পর্যন্ত | ৯.৫০% - ১১.৫২% | |
| | | ১৫,০০,০০১ টাকা হতে ৩০,০০,০০০ | ৮.৬৬%-১০.৫০% | |
| | | ৩০,০০,০০১ টাকা হতে তদূর্ধ্ব | ৭.৮৩% - ৯.৫% | |
| ০৮. | ৩-মাস অন্তর মুনাফাভিত্তিক সঞ্চয়পত্র ১২-০১-১৯৯৮ | ১২-০১-১৯৯৮ -২৯-১০-২০০১ | ১৩.৫০% | |
| | | ৩০-১০-২০০১ - ৩১-১২-২০০৩ | ১২% | |
| | | ০১-০১-২০০৪ - ১৬-০৭-২০০৪ | ৭.০০% -১০.৫০% | |
| | | ১৭-০৭-২০০৪ - ০৩-১২-২০০৫ | ৬.৫০% - ১০ % | |
| | | ০৪ -১২- ২০০৫-৩০-০৬-২০১০ | ৮.৫০%-১১.৫০ % | |
| | | ০১ -০৭- ২০১০-৩০-০৬-২০১১ | ৮.০০%-১০.০০ % | |
| | | ০১ -০৭- ২০১১-২৯-০২-২০১২ | ৮.৪০%-১০.৭৮ % | |
| | | ০১-০৩-২০১২ -২২-০৫-২০১৫ | ৯.৮০% - ১২.৫৯% | |
| | | ২৩-০৫-২০১৫ -২০-০৯-২০২১ | ১০.০০% - ১১.০৪% | |
| | | হইতে ২১-০৯-২০২১ — ১৫,০০,০০০ টাকা পর্যন্ত | ১০.০০% - ১১.০৪% | |
| | | ১৫,০০,০০১ টাকা হতে ৩০,০০,০০০ | ৯.০৬% -১০% | |
| | | ৩০,০০,০০১ টাকা হতে তদূর্ধ্ব | ৮.১৫% - ৯% | |
| ০৯. | জামানত সঞ্চয়পত্র ২৮-০১-১৯৯৯ | ২৮-০১-৯৯ -৩০-০৬-২০০২ | ৫%-৬% | ১-৭-২০০২ বন্ধ |
| ১০. | পেনশন সঞ্চয়পত্র ০১-০৭-২০০৪ | ০১-০৭-২০০৪ - ০৩-১২-২০০৫ | ৭.৫০%-১১.০০ % | |
| | | ০৪ -১২- ২০০৫-৩০-০৬-২০১০ | ৮.৫০%-১২.৫০ % | |
| | | ০১ -০৭- ২০১০-৩০-০৬-২০১১ | ৮.০০%-১১.০০ % | |
| | | ০১ -০৭- ২০১১-২৯-০২-২০১২ | ৮.০০%-১১.৮১ % | |
| | | ০১-০৩-২০১২ -২২-০৫-২০১৫ | ৯.২০% - ১৩.১৯% | |
| | | ২৩-০৫-২০১৫ -২০-০৯-২০২১ | ৯.৭০% - ১১.৭৬% | |
| | | হইতে ২১-০৯-২০২১ — ১৫,০০,০০০ টাকা পর্যন্ত | ৯.৭০% - ১১.৭৬% | |

| ক্র/নং | স্কিমের নাম এবং খোলার তারিখ | তারিখ | | মুনাফার হার | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | | ১৫,০০,০০১ টাকা হতে ৩০,০০,০০০ | ৮.৮৭% - ১০.৭৫% | |
| | | | ৩০,০০,০০১ টাকা হতে তদূর্ধ্ব | ৮.০৪% - ৯.৭৫% | |
| ১১. | ডাকঘর সঞ্চয় ব্যাংক<br>ক) সাধারণ হিসাব | ০১-০৭-১৯৭৪ -৩০-০৬-১৯৭৬ | | ৭.৫% | |
| | | ৩০-০৬-১৯৭৬ -১৫-১০-১৯৮০ | | ৮.৫% | |
| | | ১৬-১০-১৯৮০ -০২-০৬-১৯৯২ | | ১১.৫% | |
| | | ০৩-০৬-১৯৯২ -২১-০২-১৯৯৭ | | ৮% | |
| | | ২২-০২-১৯৯৭ - ১৬-০৭-২০০৪ | | ৮.৫% | |
| | | ১৭-০৭-২০০৪- ১২-০২-২০২০ | | ৭.৫% | |
| | | ১৩-০২-২০২০-১৬-০৩-২০২০ | | ৫% | |
| | | ১৭ মার্চ ২০২০ হইতে | | ৭.৫% | |
| | খ) মেয়াদী হিসাব | ০১-০৭-১৯৭৪ -৩০-০৬-১৯৭৬ | | ১০% | |
| | | ০১-০৭-১৯৭৬ -১৫-১০-১৯৮০ | | ৯.২৫%-১১.২৫% | |
| | | ১৬-১০-১৯৮০ -৩০-১০-১৯৮৮ | | ১৫%-১৬% | |
| | | ০১-১১-১৯৮৮ -০২-০৬-১৯৯২ | | ১৯.৫৫% | |
| | | ০৩-০৬-১৯৯২ -১৯-০৯-১৯৯৩ | | ১২%-১৫% | |
| | | ২০-০৯-১৯৯৩ -০৫-০২-১৯৯৫ | | ১১%-১৩% | |
| | | ০৬-০২-১৯৯৫ -৩১-০১-১৯৯৬ | | ১০%-১২% | |
| | | ০১-০২-১৯৯৬ -২১-০২-১৯৯৭ | | ৯.৫%-১১.৫% | |
| | | ২২-০২-১৯৯৭-১৬-০৭-২০০৪ | | ১০.৫%-১২.৫% | |
| | | ১৭-০৭-২০০৪ - ০৩-১২-২০০৫ | | ৯.৫০%-১১.৫% | |
| | | ০৪ -১২- ২০০৫-৩০-০৬-২০১০ | | ১০.০০% - ১২.০০% | |
| | | ০১ -০৭- ২০১০-৩০-০৬-২০১১ | | ৮.০০% - ১০.০০% | |
| | | ০১ -০৭- ২০১১-২৯-০২-২০১২ | | ৮.০০% - ১০.০০% | |
| | | ০১-০৩-২০১২ -২২-০৫-২০১৫ | | ১০.৪০% - ১৩.২৪% | |
| | | ২৩-০৫-২০১৫ -১২-০২-২০২০ | | ১০.২০% - ১১.২৮% | |
| | | ১৩-০২-২০২০ – ১৬-০২-২০২০ | | ৫% -৬% | |
| | | ১৭-০৩-২০২০ -২০-০৯-২০২১ | | ১০.২০% - ১১.২৮% | |
| | | হইতে ২১-০৯-২০২১ | ১৫,০০,০০০ টাকা পর্যন্ত | ১০.২০% - ১১.২৮% | |
| | | | ১৫,০০,০০১ টাকা হতে ৩০,০০,০০০ | ৯.৩১% - ১০.৩০% | |
| | | | ৩০,০০,০০১ টাকা হতে তদূর্ধ্ব | ৮.৪১% - ৯.৩০% | |
| | গ) বোনাস হিসাব | ২০-০৭-১৯৭৭ - ১৫-১০-১৯৮০ | | ১৬.৬৬% | ৩-৬-১৯৯২ বন্ধ |
| | ২০-১২-১৯৭৭ | ১৬-১০-১৯৮০ হতে ০২-০৬-১৯৯২ | | ২২% | |
| ১২ | ওয়েজ আর্নার ডেভেলপমেন্ট বন্ড ২০-০২-১৯৮১ | ২০-০২-১৯৮১ হতে ১৯-০৯-১৯৯৩ | | ১৬% | |
| | | ২০-০৯-১৯৯৩ হতে ০৫-০২-১৯৯৫ | | ১৪% | |
| | | ০৬-০২-১৯৯৫ হতে ৩১-০১-১৯৯৬ | | ১২% | |
| | | ০১-০২-১৯৯৬ হতে ২১-০২-১৯৯৭ | | ১১% | |
| | | ২২-০২-১৯৯৭ হতে ৩০-০৬-২০১০ | | ১২% | |

| ক্র/নং | স্কিমের নাম এবং খোলার তারিখ | তারিখ | | মুনাফার হার | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | ০১-০৭-২০১০ হতে ৩০-০৬-২০১১ | | ১০.৫০% | |
| | | ০১-০৭-২০১১ হতে ৩০-০৬-২০১২ | | ১১.০০% +০.৮০% = ১১.৮০% | |
| | | ০১/০৭/২০১২ হতে ২২/০৫/২০১৫ | | ১১.২০+০.৮০ = ১২.০০% | |
| | | ২৩/০৫/২০১৫-২০-০৯-২০২১ | | ১২% | |
| | | হইতে ২১-০৯-২০২১ (মেয়াদান্তে) | ১৫,০০,০০০ টাকা পর্যন্ত | ১২% | |
| | | | ১৫,০০,০০১ টাকা হতে ৩০,০০,০০০ | ১১% | |
| | | | ৩০,০০,০০১ টাকা হতে ৫০,০০,০০০ | ১০% | |
| | | | ৫০,০০,০০১ টাকা হতে তদূর্ধ্ব | ৯% | |
| ১৩ | ৩-বছর মেয়াদী জাতীয় বিনিয়োগ বন্ড ১৫-১২-১৯৯২ | ১৫-১২-১৯৯২ হতে ১৯-০৯-১৯৯৩ | | ১০% | ০১-০৭-২০১০ বন্ধ |
| | | ২০-০৯-১৯৯৩ হতে ০৫-০২-১৯৯৫ | | ৯% | |
| | | ০৬-০২-১৯৯৫ হতে ২১-০২-১৯৯৭ | | ৭.৫% | |
| | | ২২-০২-১৯৯৭ হতে ৩০-০৬-২০১০ | | ৮. ৫% | |
| ১৪ | ইউ.এস. ডলার প্রিমিয়াম বন্ড (১৬-১০-২০০২) | ১৬-১০-২০০২ হতে ২০-০৯-২০২১ | | ৬.৫%-৭.৫% | |
| | | হইতে ২১-০৯-২০২১ (মেয়াদান্তে) | ১৫,০০,০০০ টাকা পর্যন্ত | ৬.৫%-৭.৫% | |
| | | | ১৫,০০,০০১ টাকা হতে ৩০,০০,০০০ | ৬.৫%-৭.৫% | |
| | | | ৩০,০০,০০১ টাকা হতে ৫০,০০,০০০ | ৬.৫%-৭.৫% | |
| | | | ৫০,০০,০০১ টাকা হতে তদূর্ধ্ব | ৬.৫%-৭.৫% | |
| ১৫ | ইউ.এস. ডলার ইনভেস্টমেন্ট বন্ড ১৬-১০-২০০২ | ১৬-১০-২০০২ হতে ২০-০৯-২০২১ | | ৫.৫%-৬.৫% | |
| | | হইতে ২১-০৯-২০২১ (মেয়াদান্তে) | ১৫,০০,০০০ টাকা পর্যন্ত | ৫.৫%-৬.৫% | |
| | | | ১৫,০০,০০১ টাকা হতে ৩০,০০,০০০ | ৫.৫%-৬.৫% | |
| | | | ৩০,০০,০০১ টাকা হতে ৫০,০০,০০০ | ৫.৫%-৬.৫% | |
| | | | ৫০,০০,০০১ টাকা হতে তদূর্ধ্ব | ৫.৫%-৬.৫% | |
| ১৬ | বাংলাদেশ প্রাইজ বন্ড | | | | |
| | (ক) ১০/ (০১-০৬-১৯৭৪) | ০১-০৬-১৯৭৪ | | ১০% | ০১-০৭-১৯৯৫ বন্ধ |
| | (খ) ৫০/- (২৯-১০-১৯৮৫) | ২৯-১০-১৯৯৫ | | ১০% | ১-৭-১৯৯৫ বন্ধ |
| | ১০০/- (০২-০৭-১৯৯৫) | ০২-০৭-১৯৯৫ | | ১০% | |
| | | ০৯-০৯-১৯৯৬ | | ৬.৫% | |
| ১৭ | **ডাক জীবন বীমা** | <u>বীমার শ্রেণি বিভাগ</u> | | প্রতি হাজারে প্রতি বছরে বোনাস | |
| | | (১) আজীবন বীমা | | ৪২ | |
| | | (২) স্থায়ী মেয়াদী বীমা | | ৩৩ | |

# জাতীয় সঞ্চয় অধিদপ্তরের বিশেষ কার্যক্রম



## মুজিব বর্ষ উপলক্ষ্যে গৃহীত কার্যক্রম

২০২০-২১ সাল জাতীয়ভাবে মুজিব শতবর্ষ পালন করা হচ্ছে। জাতীয় অনুষ্ঠানের সাথে সমন্বয় রেখে জাতীয় সঞ্চয় অধিদপ্ত  মুজিব শতবর্ষ উদযাপনের নিমিত্ত বিভিন্ন কর্মসূচী প্রণয়ন ও বাস্তবায়ন করছে। এগুলো নিম্নরূপ-

- সঞ্চয় অ্যাপস চালু করা হয়েছে।
- বঙ্গাবন্ধু কর্নার স্থাপন করা হয়েছে।
- বঙ্গাবন্ধুর জীবন ও কর্মের উপর কর্মকর্তা-কর্মচারীদের সন্তানদের মধ্যে রচনা প্রতিযোগিতার আয়োজন করা হয়।
- বঙ্গাবন্ধুর জন্ম শতবার্ষিকীর লোগো সম্বলিত মাস্ক তৈরি করা হয়।
- ওয়েবসাইটে  মুজিব বর্ষ কর্নার স্থাপন করা হয়েছে।
- বঙ্গাবন্ধুর জীবনীর উপর আলোচনা সভার আয়োজন করা হয়।
- মিলাদ মাহফিলের আয়োজন করা হয়।
- অফিসের বাহিরের দেওয়ালের দৃশ্যমান স্থানে বঙ্গাবন্ধুর ছবি সম্বলিত ব্যানার এবং ড্রপডাউন ব্যানার প্রদর্শন করা হয়।

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি কর্মপরিকল্পনা

বাংলাদেশ সরকার রূপকল্প ২০২১-এর যথাযথ বাস্তবায়নে দৃঢ়প্রতিজ্ঞ এবং সুশাসন সংহতকরণে সচেষ্ট। এ জন্য একটি কার্যকর, দক্ষ এবং গতিশীল প্রশাসনিক ব্যবস্থা একান্ত অপরিহার্য বলে সরকার মনে করে। এ পরিপ্রেক্ষিতে স্বচ্ছতা ও দায়বদ্ধতা বৃদ্ধি, সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ, সর্বোপরি প্রাতিষ্ঠানিক সক্ষমতা উন্নয়নের জন্য সরকারি দপ্তর/সংস্থাসমূহে কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতি প্রবর্তনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। ২০১৪-১৫ অর্থবছরে ৪৮টি মন্ত্রণালয়/বিভাগের সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরের মাধ্যমে কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতি চালু হয়েছে। কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতি চালু হওয়ার পর থেকেই জাতীয় সঞ্চয় অধিদপ্তর তা বাস্তবায়নে যথাযথ ভুমিকা পালন করে যাচ্ছে। অভ্যন্তরীণ সম্পদ বিভাগের সিনিয়র সচিবের সাথে জাতীয় সঞ্চয় অধিদপ্তরের মহাপরিচালক ২০২১-২২ অর্থবছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর করেছেন।




অভ্যন্তরীণ সম্পদ বিভাগের সাথে জাতীয় সঞ্চয় অধিদপ্তরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২১-২২ স্বাক্ষর অনুষ্ঠানে অভ্যন্তরীণ সম্পদ বিভাগের সিনিয়র সচিব জনাব আবু হেনা মোঃ রহমাতুল মুনিম ও জাতীয় সঞ্চয় অধিদপ্তরের মহাপরিচালক জনাব মোছাঃ মাকছুদা খাতুন। তারিখঃ ২৮-০৬-২০২১ খ্রিঃ।

জাতীয় সঞ্চয় অধিদপ্তরের মহাপরিচালকের সাথে ৮টি জাতীয় সঞ্চয় বিভাগীয় কার্যালয়ের উপপরিচালকগণ ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর করেছেন। ৮টি জাতীয় সঞ্চয় বিভাগীয় কার্যালয়ের উপপরিচালকগণের আওতাধীন স্ব স্ব জেলার কর্মকর্তাদের সাথে বার্ষিক ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর হয়েছে। অভ্যন্তরীণ সম্পদ বিভাগের আওতাধীন ৭টি দপ্তর/সংস্থার ২০২০-২১ অর্থবছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি মূল্যায়নে জাতীয় সঞ্চয় অধিদপ্তর ৯৬.৫০ নম্বর পেয়ে ১ম স্থান অধিকার করেছে। উল্লেখ্য জাতীয় সঞ্চয় অধিদপ্তর ২০১৯-২০ ও ২০১৮-১৯ অর্থবছরেও ১ম স্থান অধিকার করে।



জাতীয় সঞ্চয় অধিদপ্তর-এর মহাপরিচালক মহোদয়ের সাথে বিভাগীয় কার্যালয়সমূহের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর অনুষ্ঠান।

# সেবা প্রদান প্রতিশ্রুতি

সরকারী অন্যান্য দপ্তরের ন্যায় জাতীয় সঞ্চয় অধিদপ্তর একটি জনবান্ধব সিটিজেন চার্টার বা নাগরিক সনদ প্রণয়ন করেছে। এ সনদের মাধ্যমে জাতীয় সঞ্চয় অধিদপ্তর হতে নাগরিকদের কী কী সেবা প্রদান করা হয় তা পরিষ্কারভাবে জানানো হয়েছে। চাহিদা অনুযায়ী জাতীয় সঞ্চয় অধিদপ্তর লিখিতভাবে, টেলিফোনে এবং সরাসরি নাগরিকদের প্রতিশ্রুত সেবা প্রদান করে থাকে। নাগরিকদের প্রতিশ্রুত সেবা প্রদানের জন্য অত্র অধিদপ্তরে একটি হেল্পডেস্ক স্থাপন করা হয়েছে। এছাড়া টেলিফোনে সেবা প্রদানের জন্য অধিদপ্তরের দু'জন কর্মকর্তা যথা: উপপরিচালক (নীতি, অডিট ও আইন) ও উপপরিচালক (ব্যুরো ও পরিসংখ্যান) কে দায়িত্ব প্রদান করা হয়েছে। যা অধিদপ্তরের তথ্য বাতায়নে প্রদর্শন করা আছে। প্রতিশ্রুত সেবাসমূহের মধ্যে রয়েছে জাতীয় সঞ্চয় স্কিম বিষয়ে আইন, বিধিমালা-নীতিমালা বিষয়ে ব্যাখ্যা প্রদান, বিভিন্ন সঞ্চয় স্কিম ক্রয় ও নগদায়ন বিষয়ে তথ্য প্রদান, জাতীয় সঞ্চয় স্কিম বিষয়ে অংশীজনদের সাথে মতবিনিময় করা, প্রশিক্ষণের আয়োজন করা, সঞ্চয় স্কিম বিক্রয়কারী ব্যাংক ও ডাকঘরকে বিক্রয়লব্ধ অর্থের উপর কমিশন প্রদান, সঞ্চয় স্কিম সংশ্লিষ্ট পুস্তিকা, প্রচারপত্র, কুপন প্যাড, রেজিস্টার প্রভৃতি সরবরাহ ইত্যাদি।

জাতীয় সঞ্চয় অধিদপ্তর প্রণীত নাগরিক সনদের মোটাদাগে চারটি উদ্দেশ্য রয়েছে,

প্রথমত: জনগণের অংশগ্রহণের মাধ্যমে তাদের প্রত্যাশার সাথে সংগতি রেখে সেবার মান নির্ধারণ এবং তাদের মতামত নিয়ে নির্দিষ্ট সময় অন্তর নিয়মিত তা পুনঃনির্ধারণ, যাতে করে অব্যহতভাবে সেবার মানোন্নয়ন এবং সেবাকে জনবান্ধব করা সম্ভবপর হয়।

দ্বিতীয়ত: জনগণকে তাদের প্রাপ্য অধিকার সম্পর্কে তথ্য প্রদানের মাধ্যমে ক্ষমতায়িত করা যাতে করে তারা সেবা প্রদানকারীদের কাছে সেসব অধিকার দাবি করতে পারে এবং বিভিন্ন পদ্ধতিতে (যেমন, অভিযোগ নিস্পত্তির ব্যবস্থা) সেবা প্রদানকারীদের সামাজিক জবাবদিহিতা নিশ্চিত করা।

তৃতীয়ত: সেবা প্রদানকারীদের সামর্থ বৃদ্ধিসহ বিভিন্ন উদ্যোগের (যেমন, হেল্পডেস্ক প্রতিষ্ঠা) মাধ্যমে তাদের আচরণের উন্নয়ন এবং প্রতিষ্ঠানে এক ধরণের সৌজন্যতার সংস্কৃতির বিকাশ ঘটানো।

চতুর্থত: সেবার মানোন্নয়ন, জনগনের অংশগ্রহণ, অভিযোগ নিস্পত্তি প্রভৃতি উদ্যোগের মাধ্যমে জনগণের আস্থা অর্জন।


# উল্লেখযোগ্য অর্জন



## জাতীয় সঞ্চয় স্কিমসমূহের ২০২০-২১ অর্থ বছর এর লক্ষ্যমাত্রা ও অর্জন

২০২০-২১ অর্থবছরে জাতীয় সঞ্চয় স্কিমের মাধ্যমে সঞ্চয় আহরণের সংশোধিত মোট লক্ষ্যমাত্রা ১০২৭৪৭.০০ কোটি টাকা। লক্ষ্যমাত্রার বিপরীতে মোট অর্জন ১১২,১৮৮.২৪ কোটি টাকা; যা সংশোধিত লক্ষ্যমাত্রার ১০৯.১৯ শতাংশ । অনুরূপভাবে উক্ত অর্থবছরে সঞ্চয় আহরণে সংশোধিত নীট লক্ষ্যমাত্রা ছিল ৩০,৩০২.০০ কোটি টাকা যার বিপরীতে নীট অর্জন ৪১,৯৫৯.৫৪ কোটি টাকা; যা সংশোধিত লক্ষ্যমাত্রার ১৩৮.৪৭ শতাংশ।

| | ২০২০-২১অর্থ বছর এর লক্ষ্যমাত্রা ও অর্জন | | | |
|---|---|---|---|---|
| | জমা | মূল পরিশোধ | মুনাফা পরিশোধ | নীট |
| লক্ষ্যমাত্রা | **১০২৭৪৭.০০** | ৭২,৪৪৫.০০ | ৩৩০০০.০০ | **৩০,৩০২.০০** |
| অর্জন | **১১২,১৮৮.২৪** | ৭০২২৮.৭০ | ৩৩৭৯৭.৪৯ | **৪১,৯৫৯.৫৪** |
| শতকরা হার | **১০৯.১৯%** | **৯৬.৯৪%** | **১০২.৪২%** | **১৩৮.৪৭%** |




## জাতীয় সঞ্চয় স্কিম অনলাইন ম্যানেজমেন্ট সিস্টেম

বর্তমান সরকারের ডিজিটাল বাংলাদেশ বির্নিমাণের লক্ষ্যে এবং সঞ্চয়পত্র সংক্রান্ত যাবতীয় লেনদেন কার্যক্রম সঠিক, সুন্দর ও নির্ভুলভাবে পরিচালনা করার জন্য জাতীয় সঞ্চয় অধিদপ্তর অর্থ বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন 'সরকারি ব্যয় ব্যবস্থাপনা শক্তিশালীকরণ কর্মসূচি 'র সহযোগিতায় জাতীয় সঞ্চয় স্কিম অনলাইন ম্যানেজমেন্ট সিস্টেম নামে একটি ওয়েবভিত্তিক সফটওয়্যার চালু করেছে। এ সিস্টেম গ্রাহককে স্বল্পতম সময়ে সঞ্চয়পত্র ক্রয় ও নগদায়ন সুবিধা প্রদান করে। মেয়াদপূর্তীর পূর্বে সঞ্চয়পত্র নগদায়ন ছাড়া গ্রাহককে সঞ্চয়পত্রের মুনাফা ও মূল অর্থ গ্রহণের জন্য মাসিক / ত্রৈমাসিক / মেয়াদান্তে এখন আর ইস্যু অফিসে আসতে হয় না। মুনাফা ও আসল অর্থ Bangladesh Electronic Funds Transfer Network (BEFTN) এর মাধ্যমে গ্রাহকের ব্যাংক হিসাবে জমা হয় । জমাকৃত অর্থের তথ্য গ্রাহকের মোবাইল ফোনে এস এম এস এর মাধ্যমে অবহিত করা হয়। গ্রাহকদের সুবিধার্থে সফটওয়্যারটিতে সঞ্চয়পত্র scrip-less করা হয়েছে। এছাড়া গত ০১-০৭-২০২০ খ্রিঃ তারিখ হতে ডাকঘর সঞ্চয় ব্যাংক (ক) সাধারণ হিসাব (খ) মেয়াদী হিসাব এ সিস্টেমের আওতায় আনা হয়েছে। এতে গ্রাহকের সময় ও অর্থ দুটোই সাশ্রয় হচ্ছে।

# সঞ্চয় অ্যাপ

সঞ্চয় অ্যাপ জাতীয় সঞ্চয় অধিদপ্তর, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ কর্তৃক প্রবর্তিত বিভিন্ন সঞ্চয় স্কিমের মূলত একটি পূর্ণাঙ্গ তথ্য সমৃদ্ধমূলক অ্যাপ। এ অ্যাপের মাধ্যমে ডিজিটাল পদ্ধতিতে খুব সহজে ঘরে বসে মোবাইলের মাধ্যমে সঞ্চয় স্কিমে বিনিয়োগ সংক্রান্ত তথ্যাদি জানা যাবে। এ অ্যাপে নিম্নোক্ত ১০টি মেনু রয়েছে এবং মেনুর অধীনে বিভিন্ন সাব-মেনু রয়েছে।

## সঞ্চয় অ্যাপের বর্ণনাঃ

১) **ভূমিকাঃ** সঞ্চয় অ্যাপের প্রথম মেনু ভূমিকায় জাতীয় সঞ্চয় অধিদপ্তরের ইতিহাস, উদ্দেশ্য ও কার্যাবলীর বিস্তারিত বর্ণনা রয়েছে।

২) **জাতীয় সঞ্চয় স্কিমঃ** অ্যাপের ২য় মেনুতে জাতীয় সঞ্চয়ের ১১টি স্কিম সম্পর্কিত বিভিন্ন তথ্যাদি রয়েছে। এ মেনু থেকে প্রতিটি সঞ্চয় স্কিমের মুনাফার হার, মূল্যমান, বিনিয়োগের উর্ধ্বসীমা, মেয়াদ, কারা বিনিয়োগ করতে পারবেন ইত্যাদি সর্ম্পকে ধারণা নেয়া যাবে।

৩) **যোগাযোগের ঠিকানাঃ** সঞ্চয় অ্যাপে যোগাযোগের ঠিকানা নামক মেনুতে জাতীয় সঞ্চয় অধিদপ্তরের প্রধান কার্যালয়, বিভাগীয় কার্যালয়, জেলা কার্যালয়, বিশেষ সঞ্চয় ব্যুরো, বাংলাদেশ ব্যাংক, ডাক অধিদপ্তরের বিভিন্ন কার্যালয়সমূহের ঠিকানা, ফোন নম্বর, মোবাইল নম্বর, ই-মেইল ইত্যাদি তথ্য সন্নিবেশ করা হয়েছে।

৪) **কোথায় পাওয়া যায়ঃ** সঞ্চয় অ্যাপের ৪র্থ মেনুতে বিদ্যমান সঞ্চয় স্কিমসমূহ যে সকল অফিসে বিনিয়োগ করা যায় অর্থাৎ সঞ্চয়পত্র যে সকল অফিস থেকে ক্রয় করা যায় -সে সকল অফিসের নাম দেয়া আছে।

৫) **আবেদন পদ্ধতিঃ** বিভিন্ন সঞ্চয় স্কিমে বিনিয়োগের জন্য কিভাবে আবেদন করতে হবে, আবেদন পত্রের সাথে কি কি কাগজপত্র লাগবে, তার বিস্তারিত বর্ণনা এ মেনুতে দেয়া আছে।

৬) **বিধিমালা/নীতিমালাঃ** জাতীয় সঞ্চয় অধিদপ্তরের বিভিন্ন সঞ্চয় স্কিম ভিন্ন ভিন্ন বিধিমালা/নীতিমালা দ্বারা পরিচালিত হয়। এ মেনুতে এ সকল বিধিমালা/নীতিমালা সংযোজন করা হয়েছে এবং সহজেই সঞ্চয় স্কিমের জন্য প্রযোজ্য সকল বিধিমালা/ নীতিমালা ডাউনলোড করে দেখার সুযোগ রাখা হয়েছে।

৭) **বিবিধঃ** উপরে উল্লিখিত মেনুতে সন্নিবেশিত তথ্যসমূহের বাইরে বিবিধ বিষয়ে তথ্যাদি এ মেনুতে সন্নিবেশ করা হয়েছে। যেমনঃ সঞ্চয়পত্র হারিয়ে গেলে, পুড়ে গেলে অথবা অন্য কোনভাবে নষ্ট হলে কিভাবে ডুপ্লিকেট সঞ্চয়পত্র পাওয়া যায়, ক্রেতা মারা গেলে সঞ্চয়পত্র নগদায়নের পদ্ধতি, কিভাবে জাতীয় পরিচয়পত্র পাওয়া যায়, কিভাবে টিআইএন সংগ্রহ করা যায়-এর বিস্তারিত বিবরন।

৮) **ডাউনলোডঃ** এ মেনু থেকে প্রাইজ বন্ড ‘ ড্র’ এর ফলাফল জানা যাবে। তাছাড়া সকল ধরনের সঞ্চয়পত্র ও সঞ্চয় বন্ড ক্রয়ের আবেদন ফরম ডাউনলোড করে ব্যবহার করা যাবে।

৯) **মুনাফা ক্যালকুলেটরঃ** মুনাফা ক্যালকুলেটর এ অ্যাপের একটি আকর্ষ ণীয় দিক। এ মেনু ব্যবহার করে কোন সঞ্চয় স্কিমে কত বিনিয়োগ করলে কত সময় পরে কি পরিমাণ মুনাফা পাওয়া যাবে, কি পরিমাণ উৎসে আয়কর কর্তন হবে, নীট মুনাফা কত হবে ইত্যাদি জানা যাবে।

১০) **সচরাচর জিজ্ঞাসাঃ** সঞ্চয়ের বিভিন্ন স্কিম সম্পর্কে বিভিন্ন সময়ে নানা প্রশ্নের উদয় হয়। সচরাচর যে সকল প্রশ্নের উদয় হয়, সঞ্চয় অধিদপ্তরের অভিজ্ঞতার আলোকে সে রকম প্রায় ১২৬টি প্রশ্নের উত্তর এ মেনুতে সন্নিবেশ করা হয়েছে।

# তথ্য বাতায়ন কার্যক্রম হালনাগাদকরণ

জাতীয় সঞ্চয় অধিদপ্তর অভ্যন্তরীণ সম্পদ বিভাগ , অর্থ মন্ত্রণালয়ের আওতাধীন একটি সংযুক্ত অধিদপ্তর। জাতীয় সঞ্চয় অধিদপ্তরের প্রধান কাজ হলো গ্রাহক ভিত্তিক সেবা দিয়ে স্বল্প আয়ের মানুষের হাত শক্তিশালী করে তাদের সামাজিক নিরাপত্তা বলয়ে নিয়ে আসা, পাশাপাশি দেশের রাজস্ব ঘাটতি বাজেটে অর্থায়ন করা। জাতীয় সঞ্চয় অধিদপ্তরের আওতাধীন ৮টি বিভাগীয় অফিস, ৬৪টি জেলা সঞ্চয় অফিস, ১১টি বিশেষ সঞ্চয় ব্যুরো রয়েছে। জাতীয় সঞ্চয় অধিদপ্তর এর উদ্দেশ্য সফল করতে ও এর অধিনস্ত দপ্তর সমূহে দাপ্তরিক তথ্য প্রবাহ সচল রাখার জন্য www.nationalsavings. gov.bd নামে একটি তথ্য বাতায়ন রয়েছে । জাতীয় সঞ্চয় অধিদপ্তরের তথ্য বাতায়নে আমাদের বিষয়, বিদ্যমান স্কিমসমূহ, যোগাযোগ, আইন-বিধি, সংবাদ ও প্রকাশনা, ফটোগ্যালারী, ডাউনলোড নামে ৭টি মেনু রয়েছে। প্রতিটি মেনুর অধীনে সাব মেনু রয়েছে। তথ্য বাতায়নের সেবা বক্স এ মুজিব বর্ষ কর্নার, জাতীয় শুদ্ধাচার কৌশল, উদ্ভাবনী কার্যক্রম, আইন ও প্রকাশনা, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা, অভ্যন্তরীণ প্রশিক্ষণ, আমাদের দপ্তর, তথ্য অধিকার, বাজেট ও প্রকল্প, সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার), আইসিটি কর্নার, ফোকাল পয়েন্ট ও অন্যান্য, বিজ্ঞপ্তি/ আদেশ/ পরিপত্র/ প্রজ্ঞাপন কার্যক্রম নামে ১৪টি সেবা বক্স রয়েছে। প্রতিটি সেবা বক্স এর অধীন ৪টি করে কন্টেন্ট রয়েছে। জাতীয় সঞ্চয় অধিদপ্তর দাপ্তরিক তথ্য প্রবাহ সচল রাখতে তথ্য বাতায়নের মেনু ও সেবা বক্সসমূহের কন্টেন্টগুলোতে নতুন নতুন তথ্য সংযোজনের মাধ্যমে হালনাগাদ তথ্য প্রকাশ করে থাকে । এছাড়া বদলী, পেনশন, পি.আর, এল, শোকবার্তা, নোর্টিশ, অনাপত্তি, কোটেশন আহবান বিজ্ঞপ্তীসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ তথ্য তথ্যবাতায়নের নোটিশ বোর্ডে প্রকাশ করা হয়। সেবা বক্সের ডান পার্শ্বে সাইট মেনুতে মহাপরিচালক মহোদয়ের বিস্তারিত প্রোফাইল, অভ্যন্তরীণ সেবা বক্স, গুরুত্বপূর্ণ লিংক, গুরুত্বপূর্ণ টোল এবং জনসচেতন তামূলক বিজ্ঞাপন রয়েছে। সাইট মেনুর অভ্যন্তরীণ সেবা বক্স এ জাতীয় সঞ্চয় অধিদপ্তর, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ কর্তৃক প্রবর্তিত ডিজিটাল পদ্ধতিতে খুব সহজে ঘরে বসে মোবাইলের মাধ্যমে সঞ্চয় স্কিমে বিনিয়োগ সংক্রান্ত তথ্যাদি জানার একমাত্র সঞ্চয় অ্যাপসের লিংক সংযোজন করা হয়েছে। এছাড়া সাইট মেনুর গুরুত্বপূর্ণ লিংক, গুরুত্বপূর্ণ টোল এবং জনসচেতনমূলক বিজ্ঞাপন প্রচার কার্যক্রম চলমান রয়েছে।

## উদ্বুদ্ধকরণ র্কাযক্রমঃ

- ২০২০-২১ অর্থবছরে প্রিন্ট মিডিয়ায় ২৬টি বিজ্ঞাপন প্রচার;
- ২০২০-২১ অর্থবছরে সঞ্চয় স্কিম সম্পর্কিত লিফলেট-২২০০০ পিস, পোস্টার-২০৩০ পিস, ফোল্ডার-১০৩০ পিস, ফেস্টুন-৬২০ পিস, স্মরণিকা-৫৩০ পিসসহ বিভিন্ন রকমের প্রচারপত্র মূদ্রণ ও বিতরণ;
- সঞ্চয় অধিদপ্তরের কার্যক্রম সম্পর্কিত বার্ষিক প্রতিবেদন-২০২০ প্রকাশ ১০০০ পিস;
- সঞ্চয় সম্পর্কিত স্লোগান মোবাইল ফোনে ২৩০০০টি ক্ষুদে বার্তা প্রেরণ।
- জেলা পর্যায় সঞ্চয় সপ্তাহ পালন

  “ক্ষুদ্র ক্ষুদ্র সম্পদ করে আহরণ, গড়ে তুলি সঞ্চয়ের নব জাগরণ” এ বিষয়টি সামনে রেখে প্রান্তিক জনগোষ্ঠীকে সঞ্চয়ে উদ্বুদ্ধকরণের লক্ষে ১৫-২১ জুন, ২০২১ খ্রি: তারিখ পর্যন্ত দেশব্যাপী ৭ (সাত) দিন স্বাস্থ্যবিধি মেনে সঞ্চয় অভিযান ২০২১ পালিত হয়। সঞ্চয় অভিযান ২০২১ চলাকালীন জাতীয় সঞ্চয় অনলাইন ম্যানেজমেন্ট সিস্টেম ও সঞ্চয়ের উপকারিতা সম্পর্কে জনগণকে অবহিত করা হয়।

## ২০২১ সালে বিভিন্ন জেলায় সঞ্চয় অভিযান পরিচালনা সম্পর্কিত ছবি



জেলা সঞ্চয় অফিস, চট্টগ্রাম এর সঞ্চয় অভিযান-২০২১




জেলা সঞ্চয় অফিস, জামালপুর এর সঞ্চয় অভিযান-২০২১ এর র্যা লি



জেলা সঞ্চয় অফিস, ময়মনসিংহ এর সঞ্চয় অভিযান-২০২১




জেলা সঞ্চয় অফিস, রংপুর এর সঞ্চয় অভিযান-২০২১



জেলা সঞ্চয় অফিস, নড়াইল এর সঞ্চয় অভিযান-২০২১



জেলা সঞ্চয় অফিস, নরসিংদী এর সঞ্চয় অভিযান-২০২১




জেলা সঞ্চয় অফিস, বগুড়া এর সঞ্চয় অভিযান-২০২১




জেলা সঞ্চয় অফিস, শেরপুর এর সঞ্চয় অভিযান-২০২১ এর র্যা লি

- **উঠান বৈঠকঃ**

  স্বাস্থ্যবিধি মেনে উঠান বৈঠকের মাধ্যমে প্রান্তিক জনগণকে সঞ্চয়ের উপকারিতা সম্পর্কে অবহিত করা হয়।

| | |
|---|---|
|  |  |
| জেলা সঞ্চয় অফিস সিরাজগঞ্জ এর সঞ্চয় সপ্তাহ-২০২১ উপলক্ষে উঠান বৈঠক | জেলা সঞ্চয় অফিস, লক্ষ্মীপুর এর সঞ্চয় সপ্তাহ-২০২১ উপলক্ষে উঠান বৈঠক |

## ইনোভেশন কার্যক্রম:

- জাতীয় সঞ্চয় স্কিম অনলাইন ম্যানেজমেন্ট সিস্টেম চালুর ফলে বিনিয়োগকারীগণের জাতীয় পরিচয়পত্রের ভিত্তিতে অনলাইন হতে উৎসে কর কর্তনের সনদপত্র প্রদান করা যাচ্ছে।
- বাংলাদেশ ব্যাংক , বাণিজ্যিক ব্যাংক , ডাকঘর, সঞ্চয় ব্যুরো এক ধারায় সঞ্চয়পত্র লেনদেন কার্যক্রম পরিচালনার জন্য জাতীয় সঞ্চয় স্কিম অনলাইন ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়্যার চালু করা হয়েছে;
- ডিজিটাল পদ্ধতিতে খুব সহজে ঘরে বসে মোবাইলের মাধ্যমে সঞ্চয় স্কিমে বিনিয়োগ সংক্রান্ত তথ্যাদি জানার জন্য সঞ্চয় অ্যাপ চালু করা হয়েছে;
- প্রধান কার্যালয় ও এর অধীনস্থ সকল অফিসে সিসি টিভি ক্যামেরা স্থাপন করা হয়েছে;
- অধিদপ্তরের কর্মকর্তাদের সমন্বয়ে একটি গ্রুপ মেইল চালু করা হয়েছে;
- সঞ্চয় ব্যুরোগুলোর পুরাতন সঞ্চয়পত্রের লেনদেন কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনার জন্য ই-সেভিংস সফটওয়্যার চালু করা হয়েছে;
- উঠান বৈঠকের মাধ্যমে গ্রামের তৃণমূল পর্যায়ের জনগণ বিশেষত : স্বল্প আয়ের মহিলাদেরকে সঞ্চয়ের প্রতি উদ্বুদ্ধ করা হয়;
- মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীদের সঞ্চয়ের প্রতি সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে উদ্বুদ্ধকরণ কার্যক্রম পরিচালনার মাধ্যমে শিক্ষার্থীদের সঞ্চয়ের প্রতি উৎসাহিত করা হয়;
- জাতীয় সঞ্চয় অধিদপ্তরের প্রধান কার্যালয়ে তথ্য ও পরামর্শ কেন্দ্র স্থাপন করা হয়েছে;
- জাতীয় সঞ্চয় অধিদপ্তরের নামে একটি ফেইসবুক পেইজ চালু করা হয়েছে;
- মুনাফা ও আসল অর্থ Bangladesh Electronic Funds Transfer Network (BEFTN) এর মাধ্যমে গ্রাহকের ব্যাংক হিসাবে জমা হয়;
- জমাকৃত অর্থের তথ্য গ্রাহকের মোবাইল ফোনে এস এম এস এর মাধ্যমে অবহিত করা হয়;
- সম্পূর্ণ অটোমেশন পদ্ধতির মাধ্যমে উৎসে কর কর্তন সনদপত্র প্রদান করা হয়।

## প্রশিক্ষণ সংক্রান্ত কার্যক্রম

**পাবলিক প্রকিউরমেন্ট এর উপর প্রশিক্ষণ কার্যক্রম**

জাতীয় সঞ্চয় অধিদপ্তরের কর্মকর্তাদের জন্য বাংলাদেশ ইনস্টিটিউট অব অ্যাডমিনিস্ট্রেশন এ্যান্ড ম্যানেজমেন্ট (বিয়াম) ফাউন্ডেশন কর্তৃক আয়োজিত অন-লাইন ভিত্তিক “Public Procurement Training Course’ গত ৩০/০৬/২০২১ খ্রি: তারিখে সম্পন্ন হয়েছে। উক্ত কোর্সে অধিদপ্তরের মোট ৯২ (বিরানব্বই) জন কর্মকর্তা ১০ দিনব্যাপি ৩ ব্যাচে অংশগ্রহন করেন। প্রশিক্ষণ শেষে প্রত্যেক কর্মকর্তাকে সাফল্যজনকভাবে প্রশিক্ষণ সম্পন্ন করায় বিয়াম কর্তৃক সনদ প্রদান করা হয়।

**বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, জাতীয় শুদ্ধাচার ও নৈতিকতা এবং উদ্ভাবনী কার্যক্রম সংক্রান্ত প্রশিক্ষণ**

জাতীয় সঞ্চয় অধিদপ্তর ২০২০-২১ অর্থবছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নে ৪টি, শুদ্ধাচার ও নৈতিকতা কর্মপরিকল্পনা বাস্তবায়নে ৪টি এবং উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়নে ৬টি প্রশিক্ষণের আয়োজন করা হয়।




বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, জাতীয় শুদ্ধাচার ও নৈতিকতা ও উদ্ভাবনী কার্যক্রম প্রশিক্ষণ দিচ্ছেন জাতীয় সঞ্চয় অধিদপ্তরে মহাপরিচালক





বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, জাতীয় শুদ্ধাচার ও নৈতিকতা ও উদ্ভাবনী কার্যক্রম প্রশিক্ষণ দিচ্ছেন জাতীয় সঞ্চয় অধিদপ্তরের পরিচালক (নীতি, অডিট ও আইন)

## কমিশনের হার যৌক্তিকীকরণ

### সঞ্চয়পত্রের লেনদেন কার্যক্রম পরিচালনার জন্য বিদ্যমান কমিশন হার পুনঃনির্ধারণ:

বর্তমানে বিভিন্ন তফসিলি ব্যাংকের প্রায় ১,৩০৭টি শাখা এবং ডাক অধিদপ্তরের প্রায় ১,৫০০টি শাখা অফিস জাতীয় সঞ্চয় অধিদপ্তরের অংশীজন হিসেবে কমিশনের বিনিময়ে জাতীয় সঞ্চয় অধিদপ্তর প্রবর্তিত ১১টি জাতীয় সঞ্চয় স্কিমের লেনদেন কার্যক্রম পরিচালনা করছে। জাতীয় সঞ্চয় স্কিম বিক্রয়ের জন্য বিক্রয়লব্ধ অর্থের উপর জাতীয় সঞ্চয় অধিদপ্তর ব্যাংক ও ডাকঘরকে ০.৫০% হারে কমিশন প্রদান করে। গত ১ জুলাই' ২০১৯ খ্রিঃ তারিখে অটোমেশন প্রবর্তন করায় সঞ্চয়স্কিমের লেনদেন কার্যক্রম পরিচালনায় পূর্বের তুলনায় কম জনবল ও কম শ্রম ঘন্টা ব্যয় করতে হচ্ছে। তৎপ্রেক্ষিতে ১৬-০৯-২০২১ খ্রিঃ তারিখ হতে সঞ্চয়স্কিম বিক্রয়ের উপর প্রদত্ত কমিশন ০.৫০% হতে হ্রাস করে ০.০৫% অথবা প্রতিটি নিবন্ধনের বিপরীতে অনধিক ৫০০ (পাচঁশত) টাকা; এ দু'টির মধ্যে যেটি কম তা যৌক্তিকভাবে পুন:নির্ধারণ করা হয়েছে। এর ফলে কমিশন খাতে প্রতি বছর সরকারের বিপুল অর্থ সাশ্রয় হবে। উদাহরণস্বরূপ, গত ২০২০-২১ অর্থবছরে ১০২,৭৪৭ কোটি টাকার সঞ্চয়স্কিম বিক্রয় লক্ষ্যমাত্রার বিপরীতে ১,১২,১৮৮.২৪ কোটি টাকা অর্জিত হয়েছে। যেখানে ব্যাংকের অবদান ৭৪,০৩৭.২৮ কোটি টাকা এবং ডাকঘরের অংশ ২৭,৯৯৫.৯৯ কোটি টাকা। এজন্য ব্যাংক ও ডাকঘরকে (কমিশন এজেন্ট) কমিশন বাবদ ২৮২.৩২ কোটি টাকা প্রদান করা হয়েছে। ২০২১-২২ অর্থবছরে সঞ্চয়স্কিমসমূহ বিক্রয়ের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে ১২৪,৬৪৭.৫০ কোটি টাকা যেখানে ব্যাংকের লক্ষ্যমাত্রা ৩০,৪৪৫.৭০ কোটি টাকা এবং ডাকঘরের লক্ষ্যমাত্রা ৭৮,৩৫৪.৭০ কোটি টাকা। এজন্য ব্যাংক ও ডাকঘরকে পূর্বের হিসাবে (০.৫০%) কমিশন বাবদ ৫৪৪.০০২ কোটি টাকা পরিশোধ করতে হত। এ খাতে অর্থবছরের প্রথম প্রান্তিকে বরাদ্দ করা হয়েছে ৩০৮.৮৮১৫ কোটি টাকা অর্থাৎ আরও ২৩৫.১২ কোটি টাকা অতিরিক্ত বরাদ্দ করার প্রয়োজন। কিন্তু কমিশনের হার পুনঃনির্ধারণ করায় ৫৪৪.০০২ কোটি টাকার স্থলে ৫৪.৪০০২ কোটি টাকায় এ ব্যয় নির্বাহ করা সম্ভব হবে অর্থাৎ পূর্বের হিসাবে সরকারকে যেখানে অতিরিক্ত ২৩৫.১২ কোটি টাকা বরাদ্দ করতে হত সেখানে এ খাতে সাশ্রয় হবে প্রায় ২৫৪.৪৮ কোটি টাকা যা শতকরা হিসাবে প্রায় ৯০ শতাংশ।




**চিত্রঃ সঞ্চয়পত্র বিক্রয় খাতে কমিশনের হার হ্রাস করায় ব্যয় সাশ্রয়**

# চ্যালেঞ্জ

# জাতীয় সঞ্চয় অধিদপ্তরের চ্যালেঞ্জ

১। সাংগঠনিক অবকাঠামোর সীমাবদ্ধতা;

২। জাতীয় সঞ্চয় অধিদপ্তর ও এর আওতাধীন বিভাগ ও জেলা সঞ্চয় ব্যুরোর নিজস্ব ভবনের অভাব;

৩। পর্যাপ্ত লজিস্টিক সুবিধার অভাব;

৪। দক্ষ ও প্রশিক্ষিত জনবলের অভাব;

৫। জাতীয় সঞ্চয়স্কিম অনলাইন ম্যানেজমেন্ট সিস্টেম বিদ্যমান বিধিমালার কিছু কিছু বিধির সাথে সাংঘর্ষিক;

৬। অনলাইন ম্যানেজমেন্ট সিস্টেমে সঞ্চয়স্কিম পরিচালনার জন্য নিজস্ব ডাটা সেন্টার ও সার্ভারের অভাব;

৭। ডেডিকেটেড ইন্টারনেট সংযোগের অভাব;

৮। যথেষ্ট প্রচার প্রচারণার অভাব;

৯। নিজস্ব প্রশিক্ষণ একাডেমির অভাব;

১০। পরিদর্শন, পরিবীক্ষণ ও মূল্যায়ন জোরদার না থাকা;

১১। ক্ষুদ্র ক্ষুদ্র বিনিয়োগকারীদের সঞ্চয়স্কিমে সম্পর্কে না জানা;

১২। ইনোভেশন সংক্রান্ত কার্যক্রম জোরদার না থাকা;

১৩। সঞ্চয় অধিদপ্তরের কর্মকর্তা কর্মচারীদের প্রমিত বদলি সংক্রান্ত নীতিমালা না থাকা।

# ভবিষ্যৎ পরিকল্পনা



# ভবিষ্যৎ পরিকল্পনা

১।	সাংগঠনিক অবকাঠামোর সম্প্রসারণ ;

২।	জাতীয় সঞ্চয় অধিদপ্তর ও এর আওতাধীন বিভাগ ও জেলা সঞ্চয় ব্যুরোর নিজস্ব ভবন স্থাপন;

৩।	পর্যাপ্ত লজিস্টিক সুবিধার ব্যবস্থা করা;

৪।	দক্ষ ও প্রশিক্ষিত জনবল তৈরী করা;

৫।	জাতীয় সঞ্চয়স্কিম অনলাইন ম্যানেজমেন্ট সিস্টেম বিদ্যমান বিধিমালার কিছু কিছু বিধির সাথে সাংঘর্ষ বিমোচন;

৬।	অনলাইন ম্যানেজমেন্ট সিস্টেমে সঞ্চয়স্কিম পরিচালনার জন্য নিজস্ব ডাটা সেন্টার ও সার্ভার স্থাপন করা;

৭।	ডেডিকেটেড ইন্টারনেট সংযোগ নিশ্চিত করা;

৮।	যথেষ্ট প্রচার প্রচারণার ব্যবস্থা গ্রহণ;

৯।	নিজস্ব প্রশিক্ষণ একাডেমি স্থাপন;

১০।	পরিদর্শন, পরিবীক্ষণ ও মূল্যায়ন জোরদার করা;

১১।	ক্ষুদ্র ক্ষুদ্র বিনিয়োগকারীদের সঞ্চয়স্কিমে সম্পর্কে অবগত করা;

১২।	ইনোভেশন সংক্রান্ত কার্যক্রম জোরদার করা;

১৩।	সঞ্চয় অধিদপ্তরের কর্মকর্তা কর্মচারীদের প্রমিত বদলি সংক্রান্ত নীতিমালা প্রণয়ন করা;

# বিভিন্ন সময়ে জারিকৃত গুরুত্বপূর্ণ প্রজ্ঞাপন

# অটিস্টিক প্রতিষ্ঠানের জন্য সঞ্চয়পত্র ক্রয় সংক্রান্ত প্রজ্ঞাপন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
অর্থ মন্ত্রণালয়
সঞ্চয় শাখা
www.ird.gov.bd

নং-০৮.০০.০০০০.০৪১.২২.০০৩.৯৭(অংশ).৭৫

তারিখ: ২৪ কার্তিক, ১৪২৭ / ০৯ নভেম্বর, ২০২০

প্রজ্ঞাপন

সরকার Sanchayapatra Rules, 1977 (Amended up to 23 May, 2015) নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

"উপরি- উক্ত Rules এর rule-5 এর Sub-rule (6) এর পর নিম্নরূপ Sub-rule (7) ও Note সংযোজিত হইবে:

"(7) An educational institution established for autistic or any other institution which works to support autistic. Provided that the profit should be used to support autistic and it must be certified by concern District Social Services Office.

Note: Sub-rule (7) will apply to the 'Tin Mash antar Munafa Vittik 3 year Sanchayapatra only.

এবং

Rule 21 এর Sub-rule (2) নিম্নলিখিত শব্দগুলি দ্বারা প্রতিস্থাপিত হইবে:

(2) No investment limit for institutions as described in sub-rule (6) and (7) of rule-5"

০২। এই আদেশ জারির তারিখ হইতে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-
( আবু হেনা মোঃ রহমাতুল মুনিম )
সিনিয়র সচিব

নং-০৮.০০.০০০০.০৪১.২২.০০৩.৯৭(অংশ).৭৫/১(৭)

তারিখ: ২৪ কার্তিক, ১৪২৭ / ০৯ নভেম্বর, ২০২০

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়/ ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। মহাপরিচালক, জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা।
৪। সদস্য, আয়কর নীতি, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুন বাগিচা, ঢাকা।
৫। মহাপরিচালক, ডাক অধিদপ্তর, বাংলাদেশ ডাক বিভাগ, ঢাকা।
৬। মহা-ব্যবস্থাপক, ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৭। উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা {বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় ৫০০ (পাঁচশত) কপি প্রকাশের অনুরোধসহ}।

Nusrat
০৯/১১/2020
( নুসরাত জাহান নিসু )
সিনিয়র সহকারী সচিব
ফোন: ০২-৯৫৪০৩০৩।

# বন্ডে বিনিয়োগের ক্ষেত্রে উর্ধ্বসীমা নির্ধারণ সংক্রান্ত প্রজ্ঞাপন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
অর্থ মন্ত্রণালয়
সঞ্চয় শাখা
www.ird.gov.bd

নং-০৮.০০.০০০০.০৪১.২২.০১৭.১৬.৭৯

তারিখ: ১৮ অগ্রহায়ণ ১৪২৭ / ০৩ ডিসেম্বর ২০২০

**প্রজ্ঞাপন**

The Wage-Earner Development Bond Rules, 1981 (Amended upto 23 May, 2015); The U.S. Dollar Premium Bond Rules, 2002 (Amended upto 30 June 2012) এবং U.S. Dollar Investment Bond Rules, 2002 (Amended upto 30 June 2012) এ বিনিয়োগের উর্ধ্বসীমা বিষয়ে যাহাই বলা থাকুক না কেন, সরকার ওয়েজ আর্নার ডেভেলপমেন্ট বন্ড, ইউ.এস. ডলার প্রিমিয়াম বন্ড এবং ইউ.এস. ডলার ইনভেস্টমেন্ট বন্ড ৩টির বিপরীতে সমন্বিত বিনিয়োগের উর্ধ্বসীমা ১ (এক) কোটি টাকার সমপরিমাণ বৈদেশিক মুদ্রা নির্ধারণ করিল।

২। জনস্বার্থে এই আদেশ জারি করা হইল। ইহা জারির তারিখ হইতে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

স্বাক্ষরিত/-
( নুসরাত জাহান নিসু )
সিনিয়র সহকারী সচিব

নং-০৮.০০.০০০০.০৪১.২২.০১৭.১৬.৭৯/১(১৫)

তারিখ: ১৮ অগ্রহায়ণ ১৪২৭ / ০৩ডিসেম্বর ২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/ প্রধানমন্ত্রীর মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
২। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। সিনিয়র সচিব, অর্থ বিভাগ/ আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
৪। সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ/ তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। মহাপরিচালক, বাংলাদেশ ডাক বিভাগ, ডাক অধিদপ্তর, ঢাকা।
৬। মহাপরিচালক, জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা।
৭। মহাব্যবস্থাপক, ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৮। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
৯। উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা {তাকে পরবর্তী গেজেটে প্রজ্ঞাপনটি মুদ্রণপূর্বক উক্ত গেজেটের ১০০০ (এক হাজার) কপি নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণের জন্য অনুরোধ করা হইল}।
১০। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা।
১১। সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, ঢাকা।
১২। অতিরিক্ত সচিব (সঞ্চয়) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, ঢাকা।

Nusrat
০৩/১২/২০২০
( নুসরাত জাহান নিসু )
সিনিয়র সহকারী সচিব

D:\Notification.docx

# সি আই পি নীতিমালা বাতিল সংক্রান্ত পজ্ঞাপন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
অর্থ মন্ত্রণালয়
সঞ্চয় শাখা
www.ird.gov.bd

নং-০৮.০০.০০০০.০৪১.২২.০১৭.১৬.৮০

তারিখ: ১৮ অগ্রহায়ণ ১৪২৭ / ০৩ ডিসেম্বর ২০২০

**প্রজ্ঞাপন**

সরকার The Wage-Earner Development Bond Rules, 1981 (Amended upto 23 May, 2015) এর বিধি ১৪(৪); The U.S. Dollar Premium Bond Rules, 2002 (Amended upto 30 June 2012) এর বিধি ১৪(৪) এবং U.S. Dollar Investment Bond Rules, 2002 (Amended upto 30 June 2012) এর বিধি ১৪(৪) রহিত করিল। একই সাথে The Wage-Earner Development Bond Rules, 1981 (Amended upto 23 May, 2015); The U.S. Dollar Premium Bond Rules, 2002 (Amended upto 30 June 2012) এবং U.S. Dollar Investment Bond Rules, 2002 (Amended upto 30 June 2012) এ বিনিয়োগকারী এনআরবি-গণের সিআইপি হিসেবে নির্বাচন সংক্রান্ত নীতিমালা, ২০১৮ বাতিল করিল।

২। জনস্বার্থে এই আদেশ জারি করা হইল। ইহা জারির তারিখ হইতে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

স্বাক্ষরিত/-
( নুসরাত জাহান নিসু )
সিনিয়র সহকারী সচিব

নং-০৮.০০.০০০০.০৪১.২২.০১৭.১৬.৮০/১(১৫)

তারিখ: ১৮ অগ্রহায়ণ ১৪২৭ / ০৩ ডিসেম্বর ২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/ প্রধানমন্ত্রীর মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
২। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। সিনিয়র সচিব, অর্থ বিভাগ/ আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
৪। সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ/ তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। মহাপরিচালক, বাংলাদেশ ডাক বিভাগ, ডাক অধিদপ্তর, ঢাকা।
৬। মহাপরিচালক, জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা।
৭। মহাব্যবস্থাপক, ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৮। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
৯। উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা {তাকে পরবর্তী গেজেটে প্রজ্ঞাপনটি মুদ্রণপূর্বক উক্ত গেজেটের ১০০০ (এক হাজার) কপি নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণের জন্য অনুরোধ করা হইল}।
১০। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা।
১১। সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, ঢাকা।
১২। অতিরিক্ত সচিব (সঞ্চয়) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, ঢাকা।

Nusrat
০৩/১২/২০২০
( নুসরাত জাহান নিসু )
সিনিয়র সহকারী সচিব

D:\Notification.docx

সঞ্চয়পত্রের পুঞ্জিভুত বিনিয়োগসীমা সংক্রান্ত প্রজ্ঞাপন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
অর্থ মন্ত্রণালয়
সঞ্চয় শাখা
www.ird.gov.bd

নং-০৮.০০.০০০০.০৪১.২২.০০৩.৯৭ (অংশ).৭৮

তারিখ: ১৮ অগ্রহায়ণ ১৪২৭
০৩ ডিসেম্বর ২০২০

**প্রজ্ঞাপন**

Sanchayapatra Rules, 1977 এবং পরিবার সঞ্চয়পত্র নীতিমালা, ২০০৯ এ বিনিয়োগের উর্ধ্বসীমা বিষয়ে যাহাই বলা থাকুক না কেন সরকার ৫-বছর মেয়াদী বাংলাদেশ সঞ্চয়পত্র, ৩-মাস অন্তর মুনাফাভিত্তিক সঞ্চয়পত্র এবং পরিবার সঞ্চয়পত্র তিনটি স্কিমের বিপরীতে সমন্বিত বিনিয়োগের উর্ধ্বসীমা একক নামে সর্বোচ্চ ৫০ (পঞ্চাশ) লক্ষ টাকা অথবা যৌথ নামে সর্বোচ্চ ১ (এক) কোটি টাকা নির্ধারণ করিল।

২। জনস্বার্থে এই আদেশ জারি করা হইল। ইহা জারির তারিখ হইতে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

স্বাক্ষরিত/-
( নুসরাত জাহান নিসু )
সিনিয়র সহকারী সচিব

নং-০৮.০০.০০০০.০৪১.২২.০০৩.৯৭ (অংশ).৭৮/১(১৫)

তারিখ: ১৮ অগ্রহায়ণ ১৪২৭
০৩ ডিসেম্বর ২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/ প্রধানমন্ত্রীর মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
২। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। সিনিয়র সচিব, অর্থ বিভাগ/ আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
৪। সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ/ তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। মহাপরিচালক, বাংলাদেশ ডাক বিভাগ, ডাক অধিদপ্তর, ঢাকা।
৬। মহাপরিচালক, জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা।
৭। মহাব্যবস্থাপক, ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৮। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
৯। উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা {তাকে পরবর্তী গেজেটে প্রজ্ঞাপনটি মুদ্রণপূর্বক উক্ত গেজেটের ১০০০ (এক হাজার) কপি নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণের জন্য অনুরোধ করা হইল}।
১০। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা।
১১। সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, ঢাকা।
১২। অতিরিক্ত সচিব (সঞ্চয়) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, ঢাকা।

Nusrat
০৩/১২/2020
( নুসরাত জাহান নিসু )
সিনিয়র সহকারী সচিব

D:\Notification.docx

# প্রাতিষ্ঠানিক বিনিয়োগ শুধুমাত্র ‘সঞ্চয় ব্যুরো’ কর্তৃক পরিচালনা সংক্রান্ত প্রজ্ঞাপন

(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
অর্থ মন্ত্রণালয়
সঞ্চয় শাখা
www.ird.gov.bd

নং-০৮.০০.০০০০.০৪১.২২.০০৩.৯৭ (অংশ).৩০

তারিখ: ০৪ জ্যৈষ্ঠ ১৪২৮ / ১৮ মে ২০২১

**প্রজ্ঞাপন**

সঞ্চয়পত্র বিধিমালা, ১৯৭৭ এর বিধি-৩ এ যাহাই বলা থাকুক না কেন, উক্ত বিধিমালার বিধি-৫ এর উপবিধি ৫, ৬ ও ৭ অনুযায়ী সঞ্চয়পত্রে প্রাতিষ্ঠানিক বিনিয়োগের কার্যক্রম শুধুমাত্র জাতীয় সঞ্চয় অধিদপ্তরের আওতাধীন ‘সঞ্চয় ব্যুরো’ কর্তৃক পরিচালিত হইবে।

২। জনস্বার্থে এই আদেশ জারি করা হইল। ইহা জারির তারিখ হইতে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

স্বাক্ষরিত/-
( নুসরাত জাহান নিসু )
সিনিয়র সহকারী সচিব

নং-০৮.০০.০০০০.০৪১.২২.০০৩.৯৭ (অংশ).৩০/১(৮০)

তারিখ: ০৪ জ্যৈষ্ঠ ১৪২৮ / ১৮ মে ২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/ প্রধানমন্ত্রীর মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
২। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। সিনিয়র সচিব.......................................................................................।
৪। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়/ আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়/ কৃষি মন্ত্রণালয়, ঢাকা।
৫। সচিব...............................................................................................।
৬। সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়/ তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়/মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। অতিরিক্ত সচিব (সকল), অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
৮। মহাপরিচালক, ডাক অধিদপ্তর, ডাক ভবন, ঢাকা।
৯। মহাপরিচালক, জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা।
১০। যুগ্মসচিব (সকল), অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
১১। মহাব্যবস্থাপক, ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
১২। উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা {পরবর্তী গেজেটে প্রজ্ঞাপনটি মুদ্রণপূর্বক উক্ত গেজেটের ১০০০ (এক হাজার) কপি নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণের জন্য অনুরোধ করা হইল}।
১৩। উপসচিব (সকল), অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
১৪। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
১৫। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা।
১৬। সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ,ঢাকা (প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

Nusrat
১৯/০৫/২০২১
( নুসরাত জাহান নিসু )
সিনিয়র সহকারী সচিব

# ব্যাংক ও ডাকঘর কর্তৃক সঞ্চয়পত্র বিক্রয়ের উপর কমিশন পুন:নির্ধারণ সংক্রান্ত প্রজ্ঞাপন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
অর্থ মন্ত্রণালয়
সঞ্চয় শাখা
www.ird.gov.bd

নং-০৮.০০.০০০০.০৪১.২২.০০৪.২০.

তারিখ: ০১ আশ্বিন ১৪২৮ / ১৬ সেপ্টেম্বর ২০২১

**প্রজ্ঞাপন**

সরকার অনলাইন ম্যানেজমেন্ট সিস্টেমের মাধ্যমে পরিচালিত ৫ (পাঁচ) টি সঞ্চয় স্কীম বিক্রয়ের উপর কমিশনের বিদ্যমান হার নিম্নরূপভাবে পুনঃনির্ধারণ করিল :

| সঞ্চয় পত্রের বিবরণ | কমিশনের হার |
|---|---|
| (১) ৫-বছর মেয়াদী বাংলাদেশ সঞ্চয়পত্র;<br>(২) ৩-মাস অন্তর মুনাফাভিত্তিক সঞ্চয়পত্র;<br>(৩) পেনশনার সঞ্চয়পত্র;<br>(৪) পরিবার সঞ্চয়পত্র; এবং<br>(৫) ডাকঘর সঞ্চয় ব্যাংক-মেয়াদী হিসাব (মোট জমার উপর)। | ০.০৫%<br>অথবা<br>প্রতিটি নিবন্ধনের বিপরীতে অনধিক ৫০০ (পাঁচশত) টাকা;<br>এ দু'টির মধ্যে যেটি কম। |

২। জনস্বার্থে এই আদেশ জারি করা হইল। ইহা জারির তারিখ হইতে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**স্বাক্ষরিত/-**
( নুসরাত জাহান নিসু )
সিনিয়র সহকারী সচিব

নং-০৮.০০.০০০০.০৪১.২২.০০৪.২০.৪৬/১(১৮)

তারিখ: ০১ আশ্বিন ১৪২৮ / ১৬ সেপ্টেম্বর ২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/ প্রধানমন্ত্রীর মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
২। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
৪। সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ/ তথ্য মন্ত্রণালয়/ আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। মহাপরিচালক, জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা।
৬। মহাপরিচালক, ডাক অধিদপ্তর, ঢাকা।
৭। মহাব্যবস্থাপক, ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৮। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
৯। উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা {তাকে পরবর্তী গেজেটে প্রজ্ঞাপনটি মুদ্রণপূর্বক উক্ত গেজেটের ১০০০ (এক হাজার) কপি নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণের জন্য অনুরোধ করা হইল}।
১০। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা।

চলমান পাতা-২



১১। সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, ঢাকা।
১২। যুগ্মসচিব (সঞ্চয়) এর ব্যক্তিগত কর্মকর্তা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, ঢাকা।
১৩। অফিস কপি/গার্ড ফাইল/মাস্টার কপি।

Nusrat
১৬/০৯/২১
( নুসরাত জাহান নিসু )
সিনিয়র সহকারী সচিব

# সঞ্চয়স্কিমসমূহের মুনাফার হার পুন:নির্ধারণ সংক্রান্ত প্রজ্ঞাপন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
অর্থ মন্ত্রণালয়
সঞ্চয় শাখা
www.ird.gov.bd

নং-০৮.০০.০০০০.০৪১.২২.০০৩.৯৭ (অংশ). ৪৭

তারিখ: ০৬ আশ্বিন ১৪২৮ / ২১ সেপ্টেম্বর ২০২১

## প্রজ্ঞাপন

জাতীয় সঞ্চয় স্কিমসমূহের মুনাফার হার নিম্নোক্তভাবে পুনঃনির্ধারণ করা হইল:

ছক-১:

| ক্রমিক নম্বর | সঞ্চয় স্কিমের নাম | মেয়াদ (উত্তীর্ণ হইলে) | বিদ্যমান মুনাফার হার | ক্রমিক ১-৯ এ বর্ণিত সকল সঞ্চয় স্কিমে ক্রমপুঞ্জীভূত বিনিয়োগের পরিমাণ: | | |
|---|---|---|---|---|---|---|
| | | | | ১৫,০০,০০০ টাকা পর্যন্ত | ১৫,০০,০০১ টাকা হতে ৩০,০০,০০০ | ৩০,০০,০০১ টাকা হতে তদূর্ধ্ব |
| | | | | পুনঃনির্ধারিত মুনাফার হার (%) | | |
| ১। | ৫-বছর মেয়াদী বাংলাদেশ সঞ্চয়পত্র | ১ম বছরান্তে | ৯.৩৫% | ৯.৩৫ | ৮.৫৪ | ৭.৭১ |
| | | ২য় বছরান্তে | ৯.৮০% | ৯.৮০ | ৮.৯৫ | ৮.০৮ |
| | | ৩য় বছরান্তে | ১০.২৫% | ১০.২৫ | ৯.৩৬ | ৮.৪৫ |
| | | ৪র্থ বছরান্তে | ১০.৭৫% | ১০.৭৫ | ৯.৮২ | ৮.৮৬ |
| | | ৫ম বছরান্তে | **১১.২৮%** | ১১.২৮ | ১০.৩০ | ৯.৩০ |
| ২। | ৩-মাস অন্তর মুনাফা ভিত্তিক সঞ্চয়পত্র | ১ম বছরান্তে | ১০.০০% | ১০.০০ | ৯.০৬ | ৮.১৫ |
| | | ২য় বছরান্তে | ১০.৫০% | ১০.৫০ | ৯.৫১ | ৮.৫৬ |
| | | ৩য় বছরান্তে | **১১.০৪%** | ১১.০৪ | ১০.০০ | ৯.০০ |
| ৩। | পেনশনার সঞ্চয়পত্র | ১ম বছরান্তে | ৯.৭০% | ৯.৭০ | ৮.৮৭ | ৮.০৪ |
| | | ২য় বছরান্তে | ১০.১৫% | ১০.১৫ | ৯.২৮ | ৮.৪২ |
| | | ৩য় বছরান্তে | ১০.৬৫% | ১০.৬৫ | ৯.৭৪ | ৮.৮৩ |
| | | ৪র্থ বছরান্তে | ১১.২০% | ১১.২০ | ১০.২৪ | ৯.২৯ |
| | | ৫ম বছরান্তে | **১১.৭৬%** | ১১.৭৬ | ১০.৭৫ | ৯.৭৫ |
| ৪। | পরিবার সঞ্চয়পত্র | ১ম বছরান্তে | ৯.৫০% | ৯.৫০ | ৮.৬৬ | ৭.৮৩ |
| | | ২য় বছরান্তে | ১০.০০% | ১০.০০ | ৯.১১ | ৮.২৫ |
| | | ৩য় বছরান্তে | ১০.৫০% | ১০.৫০ | ৯.৫৭ | ৮.৬৬ |
| | | ৪র্থ বছরান্তে | ১১.০০% | ১১.০০ | ১০.০৩ | ৯.০৭ |
| | | ৫ম বছরান্তে | **১১.৫২%** | ১১.৫২ | ১০.৫০ | ৯.৫০ |
| ৫। | ডাকঘর সঞ্চয় ব্যাংক-সাধারণ হিসাব | - | ৭.৫০% | ৭.৫০ | ৭.৫০ | ৭.৫০ |
| ৬। | ডাকঘর সঞ্চয় ব্যাংক-মেয়াদী হিসাব | ১ম বছরান্তে | ১০.২০% | ১০.২০ | ৯.৩১ | ৮.৪১ |
| | | ২য় বছরান্তে | ১০.৭০% | ১০.৭০ | ৯.৭৭ | ৮.৮২ |
| | | ৩য় বছরান্তে | **১১.২৮%** | ১১.২৮ | ১০.৩০ | ৯.৩০ |

চলমান পাতা-২

ছক-২:

| ক্রমিক নম্বর | সঞ্চয় স্কিমের নাম | মেয়াদ (উত্তীর্ণ হইলে) | বিদ্যমান মুনাফার হার | ক্রমিক ১-৯ এ বর্ণিত সকল সঞ্চয় স্কিমে ক্রমপুঞ্জীভূত বিনিয়োগের পরিমাণ: | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | ১৫,০০,০০০ টাকা পর্যন্ত | ১৫,০০,০০১ টাকা হতে ৩০,০০,০০০ | ৩০,০০,০০১ টাকা হতে ৫০,০০,০০০ | ৫০,০০,০০১ টাকা হতে তদূর্ধ্ব |
| | | | | পুনঃনির্ধারিত মুনাফার হার (%) | | | |
| ৭। | ওয়েজ আর্নার ডেভেলপমেন্ট বন্ড | ৬-মাস পর, কিন্তু ১২ মাসের পূর্বে | ৮.৭০ | ৮.৭০ | ৭.৯৮ | ৭.২৫ | ৬.৫৩ |
| | | ১২-মাস পর, কিন্তু ১৮ মাসের পূর্বে | ৯.৪৫ | ৯.৪৫ | ৮.৬৬ | ৭.৮৮ | ৭.০৯ |
| | | ১৮-মাস পর, কিন্তু ২৪ মাসের পূর্বে | ১০.২০ | ১০.২০ | ৯.৩৫ | ৮.৫০ | ৭.৬৫ |
| | | ২৪-মাস পর, কিন্তু ৬০ মাসের পূর্বে | ১১.২০ | ১১.২০ | ১০.২৭ | ৯.৩৩ | ৮.৪০ |
| | | মেয়াদান্তে | **১২.০০%** | ১২.০০ | ১১.০০ | ১০.০০ | ৯.০০ |
| ৮। | ইউ.এস ডলার প্রিমিয়াম বন্ড | ১ম বছরান্তে | ৬.৫০% | ৬.৫০ | ৬.৫০ | ৬.৫০ | ৬.৫০ |
| | | ২য় বছরান্তে | ৭.০০% | ৭.০০ | ৭.০০ | ৭.০০ | ৭.০০ |
| | | ৩য় বছরান্তে | **৭.৫০%** | ৭.৫০ | ৭.৫০ | ৭.৫০ | ৭.৫০ |
| ৯। | ইউ.এস ডলার ইনভেস্টেমন্ট বন্ড | ১ম বছরান্তে | ৫.৫০% | ৫.৫০ | ৫.৫০ | ৫.৫০ | ৫.৫০ |
| | | ২য় বছরান্তে | ৬.০০% | ৬.০০ | ৬.০০ | ৬.০০ | ৬.০০ |
| | | ৩য় বছরান্তে | ৬.৫০% | ৬.৫০ | ৬.৫০ | ৬.৫০ | ৬.৫০ |

**শর্তাবলীঃ**

(ক) এই আদেশ জারির পূর্বে ক্রয়কৃত সঞ্চয় স্কিম ক্রয়কালীন হারে মুনাফা প্রাপ্য হইবে এবং যেই মেয়াদের জন্য তাহা ইস্যু করা হইয়াছিল সেই মেয়াদ শেষ হওয়া পর্যন্ত উক্ত হারে মুনাফা প্রাপ্য হইবে। তবে, পুনঃবিনিয়োগের ক্ষেত্রে পুনঃবিনিয়োগের তারিখের মুনাফার হার প্রযোজ্য হইবে।

(খ) বর্ণিত সকল সঞ্চয় স্কিমের ক্রমপুঞ্জীভূত বিনিয়োগ বিবেচনাপূর্বক প্রযোজ্য হারে মুনাফা প্রাপ্য হইবে।

(গ) প্রতিষ্ঠানিক বিনিয়োগের ক্ষেত্রেও পুনঃনির্ধারিত মুনাফা হার কার্যকর হইবে।

(ঘ) এই আদেশ জারির পরে বিনিয়োগকৃত অর্থের মুনাফা প্রদানের ক্ষেত্রে পূর্বের বিনিয়োগ বিবেচনায় নিয়ে প্রযোজ্য হারে মুনাফা প্রাপ্য হইবে।

(ঙ) যৌথ বিনিয়োগের ক্ষেত্রে প্রত্যেক বিনিয়োগকারীর বর্ণিত সকল সঞ্চয় স্কিমে মোট বিনিয়োগের উপর হিসাব করে প্রযোজ্য হারে মুনাফা প্রাপ্য হইবে।

(চ) যৌথ বিনিয়োগের ক্ষেত্রে প্রত্যেক বিনিয়োগকারীর ক্রমপুঞ্জীভূত বিনিয়োগের পরিমাণ পৃথকভাবে হিসাব করে প্রযোজ্য হারে মুনাফা প্রাপ্য হইবে।

(ছ) সকল সঞ্চয় স্কিমের মুনাফা/সুদ সরল হারে প্রদেয় হইবে।

২। জনস্বার্থে এই আদেশ জারি করা হইল। ইহা জারির তারিখ হইতে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

দীপক বিশ্বাস ২১/৯/২০২১

( দীপক কুমার বিশ্বাস )
উপসচিব

চলমান পাতা-৩

নং-০৮.০০.০০০০.০৪১.২২.০০৩.৯৭ (অংশ). ৪৭/১(১৮) তারিখ: ০৬ আশ্বিন ১৪২৮ / ২১ সেপ্টেম্বর ২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/ প্রধানমন্ত্রীর মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
২। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
৪। সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ/ তথ্য মন্ত্রণালয়/ আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। মহাপরিচালক, জাতীয় সঞ্চয় অধিদপ্তর, ঢাকা।
৬। মহাপরিচালক, বাংলাদেশ ডাক বিভাগ, ডাক অধিদপ্তর, ঢাকা।
৭। মহাব্যবস্থাপক, ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৮। সিনিয়র সচিব এর একান্ত সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
৯। উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা {তাকে পরবর্তী গেজেটে প্রজ্ঞাপনটি মুদ্রণপূর্বক উক্ত গেজেটের ১০০০ (এক হাজার) কপি নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণের জন্য অনুরোধ করা হইল}।
১০। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা।
১১। সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, ঢাকা।
১২। যুগ্মসচিব (সঞ্চয়) এর ব্যক্তিগত কর্মকর্তা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, ঢাকা।
১৩। অফিস কপি/গার্ড ফাইল/মাস্টার কপি।

দীপক বিশ্বাস ২১/৯/২০২১
( দীপক কুমার বিশ্বাস )
উপসচিব